আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
হে আমাদের পালনকর্তা! তুমি মানুষকে একদিন অবশ্যই একত্রিত করবেঃ এতে কোনই সন্দেহ নেই। নিশ্চয় আল্লাহ তাঁর ওয়াদার অন্যথা করেন না।
সূরা আল ইমরান- ৮

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ০৬ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১৮ শাবান ১৪৪৭ ॥ ২৩ মাঘ ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৬৫ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

সরকারি প্রতিষ্ঠানে কোনো দুর্নীতি থাকবে না

কীর্তনখোলা ডেস্ক
সরকারি সেবা ও কোনো প্রতিষ্ঠানে কোনো দুর্নীতি থাকবে না বলে কড়া বার্তা দিয়েছেন প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ২ এর পাতায় দেখুন

আজ বিএনপির নির্বাচনি ইশতেহার ঘোষণা করবেন তারেক রহমান

কীর্তনখোলা ডেস্ক
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে শুক্রবার নির্বাচনি ইশতেহার ঘোষণা করবে বিএনপি। দলটির চেয়ারম্যান ২ এর পাতায় দেখুন



দেশের মানুষ ১১ দলীয় জোটকে ক্ষমতায় দেখতে চায়

কীর্তনখোলা ডেস্ক
দেশের মানুষ জামায়াতে ইসলামীসহ ১১ দলীয় জোটকে ক্ষমতায় দেখতে চায় বলে মন্তব্য করেছেন দলটির আমির ডা. শফিকুর ২ এর পাতায় দেখুন

১৮ ফেব্রুয়ারির মধ্যেই ক্ষমতা হস্তান্তর: প্রেস সচিব

কীর্তনখোলা ডেস্ক
আর মাত্র ছয়দিন পর জাতীয় সংসদ নির্বাচন। নির্বাচনের পর বিজয়ীদের কাছে ক্ষমতা হস্তান্তর করা হতে পারে আগামী ২ এর পাতায় দেখুন

ইসলামের এক বাক্স নীতি জামায়াতের কারণে বিনষ্ট হলো: চরমোনাই পীর

ঝালকাঠী প্রতিনিধি
ঝালকাঠিতে ইসলামী আন্দোলন বাংলাদেশের আমীর চরমোনাই পীর মুফতী সৈয়দ রেজাউল করিম বলেছেন- ২০২৪ পরবর্তী নির্বাচনে ইসলামের পক্ষে আমরা একটি বাক্স দেবো, এই লক্ষ্য উদ্দেশ্যে আমরা কাজ করছিলাম। অনেক ইসলামী দলগুলো প্রথম অবস্থায় আমাদের সঙ্গে সমঝোতায় ছিলো। রাস্তায় চলার পথে জামায়াত এখানে আইসা ঢোকলো, আর ঐক্য বিনষ্ট হলো। যখন নাকি সারা দেশের মানুষ আমাদের আহ্বানের স্বতঃস্ফূর্ত সারা জাগালো তখন দেশ প্রেমিকের পরিবর্তে ইসলাম প্রেমিকের পরিবর্তে ক্ষমতা প্রেমিকরা ছোবল দিয়ে ওটাকে ছিনতাই করলো। জামায়াতকে যারা রাজনৈতিক দল মনে করে তারা বোকার স্বর্গে বাস করে বলেও মন্তব্য করেন চরমোনাই পীর। চরমোনাই পীর আরও বলেন, আমরা যখন দেখলাম ইসলামের নামে তারা যখন প্রচলিত নিয়মে দেশ পরিচালনা করবে ওই অবস্থায় কঠিন ঝুঁকি নিয়ে ইসলামকে রক্ষা করার জন্য, ধোকাবাজদের ঠেকাবার জন্যে এই দেশকে সুন্দর দেশ ৩ এর পাতায় দেখুন

যমুনার সামনে দাবি আদায়ে ‘অনড়’ ইনকিলাব মঞ্চের সদস্যরা

কীর্তনখোলা ডেস্ক
ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরীফ ওসমান হাদির হত্যার বিচারের দাবিতে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনার সামনে অবস্থান নিয়েছেন ইনকিলাব মঞ্চের সদস্যরা। তাদের সঙ্গে ওসমান হাদির স্ত্রী ও তার পরিবারের সদস্যরাও যোগ দিয়েছেন। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) বিকেল ৫টায় যমুনার সামনে অবস্থান নেয় ইনকিলাব মঞ্চ। এ রিপোর্ট লেখা পর্যন্ত (রাত পৌনে ৯টা) দাবি আদায়ে অনড় অবস্থানের কথা জানিয়েছেন তারা। ইনকিলাব মঞ্চের সদস্য সচিব আব্দুল্লাহ আল জাবের বলেন, ‘শহীদ ওসমান হাদি হত্যার তদন্তে সরকারের কোনো কার্যকর পদক্ষেপ নেই। এ কারণে সরকারের সংশ্লিষ্ট সংস্থাগুলো চারবার তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার সময় পিছিয়েছে। দেশে নির্বাচনের আমেজে তাদের শহীদ শরীফ ওসমান হাদির হত্যার তদন্ত বারবার পিছিয়ে দেওয়া হচ্ছে। নির্বাচন নিয়ে সরকার ব্যস্ত থাকলেও, যাদের মাধ্যমে দেশে সরকার এসেছে এবং রাজনৈতিক দলগুলো রাজনীতি করতে পারছে, সেই সরকার কিংবা রাজনৈতিক দলগুলো কেউই এই হত্যাকাণ্ডের ঘটনায় কোনো উদ্যোগ ২ এর পাতায় দেখুন

ভোটকেন্দ্রের বডি ক্যামেরায় নির্বাচনি নজরদারি সরাসরি

কীর্তনখোলা ডেস্ক
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটগ্রহণ স্বচ্ছ, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য করতে ভোটকেন্দ্রে ২৫ হাজারের বেশি বডি-ওর্ন ক্যামেরা ব্যবহার করবে নির্বাচন কমিশন। আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের শরীরে সংযুক্ত এ ক্যামেরায় সারা দেশের ভোটকেন্দ্রের পরিস্থিতি সরাসরি পর্যবেক্ষণ করা হবে। একই সঙ্গে দেওয়া যাবে নির্দেশনা। সংশ্লিষ্ট সূত্র জানায়, এবার সারা দেশে মোট ভোটকেন্দ্র ৪২ হাজার ৭৭৯টি। এর মধ্যে ২৫ হাজার ঝুঁকিপূর্ণ ও গুরুত্বপূর্ণ ভোটকেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত পুলিশ সদস্যদের শরীরে বডি ক্যামেরা থাকবে।

ভোটগ্রহণ শুরুর আগমুহূর্ত থেকে শুরু করে ভোট শেষ হওয়া পর্যন্ত কেন্দ্রের সার্বিক পরিবেশ, ভোটার আগমন, ব্যালট দেওয়ার প্রক্রিয়াসহ যে কোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এসব ক্যামেরায় রেকর্ড থাকবে। বিশেষজ্ঞদের মতে, আধুনিক প্রযুক্তির ব্যবহার ছাড়া বৃহৎ পরিসরের জাতীয় নির্বাচন পরিচালনা করা কঠিন। বডি ক্যামেরার পাশাপাশি সিসিটিভি, ড্রোন ও ডিজিটাল মনিটরিং ব্যবস্থার সমন্বিত প্রয়োগ এবারের নির্বাচনকে আরও স্বচ্ছ ও অংশগ্রহণমূলক করতে সহায়ক হবে। তবে সতর্ক থাকতে হবে চূড়ান্ত প্রয়োগের ক্ষেত্রে কোনো ২ এর পাতায় দেখুন

উঠান বৈঠকে উপস্থিত ঝালকাঠি-২ আসনে জামায়াত মনোনীত প্রার্থী শেখ নেয়ামুল করিম-**কীর্তনখোলা**

অন্তর্বর্তী সরকারের ১১৬ অধ্যাদেশ ১৪ দ্বিপাক্ষিক চুক্তি

কীর্তনখোলা ডেস্ক
অন্তর্বর্তী সরকারের মেয়াদকালে ১১৬টি অধ্যাদেশ জারি এবং ১৪টি দ্বিপাক্ষিক চুক্তি সম্পন্ন হয়েছে বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত ব্রিফিংয়ে উপদেষ্টা পরিষদের সভায় এসব তথ্য তুলে ধরা হয় বলে জানান তিনি। তিনি জানান, আজ পর্যন্ত ২০২৪ সালের ৮ আগস্ট ইন্টেরিম গভর্নমেন্ট (অন্তর্বর্তী সরকার) দায়িত্ব নেওয়ার পরে যেসব কাজ হয়েছে, যেগুলো আইন হয়েছে ৩ এর পাতায় দেখুন

পররাষ্ট্র উপদেষ্টা
ভারতের সঙ্গে সম্পর্ক থমকে আছে, নতুন সরকার মসৃণ করবে

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পর্কের টানাপোড়েন বা ‘থমকে থাকা’ অবস্থার কথা অকপটে স্বীকার করেছেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। তিনি মনে করেন, নানা কারণে অন্তর্বর্তী সরকারের সময় দুই দেশের সম্পর্ক খুব একটা মসৃণ ছিল না। তবে এই সরকারের উত্তরসূরি হয়ে যে নতুন সরকার আসবে, তারা এই অচলাবস্থা কাটিয়ে সম্পর্ক এগিয়ে নিতে পারবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন ২ এর পাতায় দেখুন

নতুন এমপিদের শপথ পড়াবেন সিইসি

কীর্তনখোলা ডেস্ক
ত্রয়োদশ জাতীয় নির্বাচনে বিজয়ী সংসদ সদস্যদের (এমপি) শপথ পাঠ করাবেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। বিষয়টি নিশ্চিত করেছে নির্বাচন কমিশন (ইসি) সূত্র। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) নির্বাচন কমিশনার (ইসি) আব্দুর রহমানেল মাছউদ গণমাধ্যমকে জানান, বর্তমান সাংবিধানিক বাস্তবতায় নবনির্বাচিত এমপিদের শপথ পড়ানোর দায়িত্ব সিইসিই পালন করবেন। ২ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জ আসছেন জামায়াত আমির দাঁড়িপাল্লা সমর্থকদের উচ্ছ্বাস

কীর্তনখোলা রিপোর্ট
আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে শুক্রবার (৬ ফেব্রুয়ারি) সকালে বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলার সরকারী পাতার হাট আরসি কলেজ মাঠে যাচ্ছেন জামায়াতে ইসলামীর আমির ও ১১ দলীয় জোট নেতা ডা. শফিকুর রহমান। সেখানে তিনি নির্বাচনি জনসভায় প্রধান অতিথির ভাষণ দিবেন। জনসভায় ডা. শফিকুর রহমান ছাড়াও ১১ দলীয় জোটের কেন্দ্রীয় ও স্থানীয় পর্যায়ের নেতৃবৃন্দ বক্তব্য রাখবেন বলে জামায়াতে ইসলামীর পক্ষ থেকে জানানো হয়েছে। জামায়াত আমিরের মেহেন্দিগঞ্জ আগমন এবং নির্বাচনি জনসভাকে সফল করতে এরই মধ্যে দলের পক্ষ থেকে সব রকম প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। দলের ২ এর পাতায় দেখুন

ধানের শীষে ভোট দিলে ভোট পাবে জিয়া পরিবার: সরোয়ার

কীর্তনখোলা রিপোর্ট
আপনারা বিএনপিকে ভোট দিন, বিএনপিকে ভোট দিলে সেই ভোট পাবেন শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান। ভোট পাবেন প্রয়াত বেগম খালেদা জিয়া, সে ভোট পাবেন তারেক রহমান। সর্বোপরি ধানের শীষে ভোট দিলে ভোট পাবে জিয়া পরিবার। গতকাল বিকেলে বরিশাল সদর উপজেলাধীন চরবাড়িয়া ইউনিয়ন বিএনপি’র উদ্যোগে ধানের শীষের নির্বাচনী উঠান বৈঠকে এসব কথা বলেন বরিশাল-৫ আসনের ধানের শীষের প্রার্থী অ্যাড. মজিবর রহমান সরোয়ার। এ সময় শত শত নারী পুরুষ ধানের শীষের পক্ষে ও মজিবর রহমান সরোয়ারের পক্ষে শ্লোগান দিয়ে মজিবর রহমান সরোয়ারকে স্বাগত জানায়। বরিশাল সদর উপজেলা বিএনপি’র সদস্য সচিব আব্বাসের সভাপতিত্বে উক্ত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বরিশাল-৫ আসনের ধানের শীষ প্রতীকের প্রার্থী ২ এর পাতায় দেখুন



বিএসসি প্রকৌশলীদের কোটা প্রস্তাবের প্রতিবাদে বরিশালে বিক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট
দশম গ্রেডভুক্ত উপসহকারী প্রকৌশলী ও সমমান পদে বিএসসি প্রকৌশলীদের জন্য ৩৩ শতাংশ কোটা সংরক্ষণের প্রস্তাবের প্রতিবাদে বরিশালে বিক্ষোভ মিছিল করেছেন বরিশাল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা। বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার দিকে বরিশাল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট প্রাঙ্গণ থেকে শিক্ষার্থীরা একটি বিক্ষোভ মিছিল বের করেন। মিছিলটি নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এ সময় শিক্ষার্থীরা প্রস্তাবিত কোটা বাতিলসহ সংশ্লিষ্ট সুপারিশ পরিবর্তনের দাবি জানান। বিক্ষোভ চলাকালে শিক্ষার্থীরা বলেন, দশম গ্রেডভুক্ত উপসহকারী ২ এর পাতায় দেখুন

পিরোজপুরে জামায়াত আমীরের নির্বাচনী জনসভা আজ, প্রস্তুতি সম্পন্ন

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুরে বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমানের নির্বাচনী জনসভাকে ঘিরে শেষ মুহূর্তের প্রস্তুতি চলছে। গত তিন দিন ধরে প্রায় ৩৫ থেকে ৪০ জন শ্রমিক বিরামহীনভাবে কাজ করছেন মঞ্চ নির্মাণ, সাউন্ড সিস্টেম, আলোকসজ্জাসহ আনুষঙ্গিক সব প্রস্তুতিতে। আয়োজকদের প্রত্যাশা, পিরোজপুরের সাতটি উপজেলাসহ আশপাশের বিভিন্ন জেলা ও উপজেলা থেকে মিলিয়ে লক্ষাধিক মানুষের সমাগম হবে এই জনসভায়। আজ শুক্রবার (৬ ফেব্রুয়ারি) পিরোজপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে এই নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। জনসভায় জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মোয়াজ্জেম হোসেন হেলাল, জাতীয় গণতান্ত্রিক পার্টি (জাগপা)-এর মুখপাত্র আল রাশেদ প্রধান, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর মুখপাত্র আসিফ মাহমুদ সজিব ভূঁইয়া, কেন্দ্রীয় যুগ্ম সদস্যসচিব ডা. মাহমুদা আক্তার মিতুসহ ১১ দলীয় জোটের অন্যান্য রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত থাকবেন বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

ভীতিকর পরিবেশ কাম্য নয়

জাতীয় সংসদ নির্বাচনের প্রচারণা চলবে ১০ ফেব্রুয়ারি সকাল সাড়ে ৭টা পর্যন্ত। বাকি আর মাত্র ৯ দিন। সাধারণত এই সময়ে দেশব্যাপী একটি উৎসবমুখর পরিবেশ তৈরি হয়। এবার সেই পরিবেশের কিছুটা ঘাটতি দেখা যাচ্ছে। মানুষের মাঝে এক ধরনের ভয় ও আতঙ্ক কাজ করছে। আর তার অন্যতম কারণ হচ্ছে অবনতিশীল আইন-শৃঙ্খলা পরিস্থিতি। যেমন বাড়ছে খুন-সন্ত্রাসসহ সাধারণ অপরাধ, তেমনি বাড়ছে রাজনৈতিক সহিংসতা, মব সন্ত্রাস ও হত্যাকাণ্ড। প্রকাশিত একাধিক প্রতিবেদনে এমন চিত্রই উঠে এসেছে। প্রতিবেদন অনুযায়ী, গত বছরের জানুয়ারি থেকে চলতি বছরের জানুয়ারি পর্যন্ত ১৩ মাসে সারা দেশে শুধু রাজনৈতিক সহিংসতায় ১৪৬ জন নিহত হয়েছেন। প্রার্থী, সম্ভাব্য প্রার্থী, দলীয় কর্মী-সমর্থক অনেকেই আক্রান্ত হয়েছেন। পুলিশ সদর দপ্তরের তথ্য অনুযায়ী, গত ১২ ডিসেম্বর থেকে চলতি বছরের ২৬ জানুয়ারি পর্যন্ত ৪৫ দিনে সারা দেশে ১৪৪টি নির্বাচনি সহিংসতার ঘটনা ঘটে। এর মধ্যে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে ৫৫টি সংঘর্ষের ঘটনা ঘটে। ভীতি প্রদর্শন ও আক্রমণাত্মক আচরণের ঘটনা ঘটেছে ১১টি, প্রার্থীর ওপর আক্রমণের ঘটনা ছয়টি এবং অবৈধ অস্ত্রের ব্যবহার দুটি। এর বাইরে প্রচারকাজে বাধা প্রদানের ঘটনা ১৭টি, নির্বাচনসংশ্লিষ্ট অফিস ও প্রতিষ্ঠানে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা আটটি, অবরোধ-বিক্ষোভের ঘটনা ১০টি, সংখ্যালঘুদের ওপর আক্রমণের ঘটনা একটি এবং অন্যান্য ঘটনা ২৪টি। সর্বশেষ গত শুক্রবারও নোয়াখালীর দ্বীপ উপজেলা হাতিয়ায় দুটি রাজনৈতিক দলের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে আহত হন অন্তত ১০ জন। পুলিশ ও মানবাধিকার সংস্থার তথ্য বলছে, দেশের বিভিন্ন এলাকায় ১ থেকে ২৯ জানুয়ারি পর্যন্ত ৬৫টি রাজনৈতিক সহিংসতার ঘটনায় ১০ জন নিহত এবং ৫৫৫ জন আহত হয়েছেন। অপরাধ বিশ্লেষকরা বলছেন, সাংঘর্ষিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীগুলোকে আরো দায়িত্বশীল হতে হবে। ভোটের মাঠে বিদ্যমান আতঙ্ক দূর করতে হবে। এদিকে রাজনৈতিক সহিংসতার পাশাপাশি অন্যান্য অপরাধ কর্মকাণ্ডও দ্রুত বাড়ছে। প্রতিনিয়ত খুনাখুনি বা লাশ উদ্ধারের ঘটনা ঘটছে। পুলিশ, মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস) ও আসক এবং হাসপাতাল সূত্রে জানা যায়, চলতি বছরের ১ থেকে ২৯ জানুয়ারি পর্যন্ত সারা দেশে প্রতিদিনই একাধিক ব্যক্তি খুন হয়েছেন। গতকালের কালের কণ্ঠ অনুযায়ী, গত বৃহস্পতিবার রাতে নরসিংদীর বেলাব উপজেলায় এক সাবেক ছাত্রলীগ নেতার বস্তাবন্দি মৃতদেহ উদ্ধার করা হয়। রাজশাহীতে স্ত্রীর লাশসহ এক সাংবাদিককে আহত অবস্থায় উদ্ধার করা হয়। আরো দুই জেলায় দুই হত্যাকাণ্ড ঘটে ও দুই লাশ উদ্ধার করা হয়। জানা গেছে, আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর প্রায় ৯ লাখ সদস্য এবার নির্বাচনী নিরাপত্তা নিশ্চিত করতে দায়িত্ব পালন করবেন। ভোটের চার দিন আগে থেকে এই বিশাল বাহিনী মাঠে নামবে। তবে এর আগেও সারা দেশে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর বিশেষ অভিযান চলছে। কিন্তু তার মধ্যেও রাজনৈতিক সহিংসতার ঘটনা বেড়েই চলেছে, যা নিয়ে প্রবল আশঙ্কা প্রকাশ করছেন নির্বাচনসংশ্লিষ্ট ব্যক্তিরা। এরই মধ্যে যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশ সহিংসতার আশঙ্কায় বাংলাদেশে অবস্থানরত তাদের নাগরিকদের জন্য সতর্কতা জারি করেছে। আমরা আশা করি, আসন্ন নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণ করার লক্ষ্যে প্রশাসন আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করবে। ভীতিকর পরিবেশ কোনোভাবেই কাম্য নয়।

১৮ ফেব্রুয়ারির মধ্যেই

১৫ অথবা ১৬ ফেব্রুয়ারি। তবে কোনো কারণে এ সময়ের মধ্যে ক্ষমতা হস্তান্তর সম্ভব না হলে ১৮ ফেব্রুয়ারির মধ্যেই ক্ষমতা হস্তান্তর করা হবে। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) রাজধানীর বেইলি রোডের ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। সর্বোচ্চ দ্রুততম সময়ে ক্ষমতা হস্তান্তর সম্পন্ন হবে জানিয়ে শফিকুল আলম বলেন, যদি তিন দিনের মধ্যে নির্বাচিত সংসদ সদস্যরা শপথ গ্রহণ করেন এবং সংখ্যাগরিষ্ঠ দলের লিডারকে নতুন প্রধানমন্ত্রী হিসেবে শপথের জন্য ডাকা হয়, তবে হস্তান্তর ১৫ অথবা ১৬ ফেব্রুয়ারির মধ্যে হতে পারে। এটি ১৭ বা ১৮ ফেব্রুয়ারির পরে যাবে না। গণমাধ্যমকর্মীদের এক প্রশ্নের জবাবে প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার বলেন, নির্বাচনের পর অন্তর্বর্তী সরকারের ক্ষমতা হস্তান্তর দ্রুত করা হবে। তিনি বলেন, ক্ষমতা ১৮০ কার্যদিবস ধরে রাখা হবে- এমন অপপ্রচারের কোনো ভিত্তি নেই। আবুল কালাম আজাদ মজুমদার আরও বলেন, আমরা গতকালও পরিষ্কার করেছি যে নির্বাচনের পরে নির্বাচিত জনপ্রতিনিধিদের কাছে সরকার যত দ্রুত সম্ভব ক্ষমতা হস্তান্তর করবে। কিছু পক্ষ অপপ্রচার চালাচ্ছে যে সরকার ১৮০ কার্যদিবস ক্ষমতা ধরে রাখবে। এটি অসৎ ও উদ্দেশ্যমূলক, জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা। প্রথম থেকেই সরকার নিশ্চিত করেছে, নির্বাচন শেষে সংখ্যাগরিষ্ঠতা পাওয়া দলের হাতে রাষ্ট্র পরিচালনার ভার তুলে দেওয়া হবে। তিনি বলেন, ১৮০ কার্যদিবসের বিষয়টি নিয়ে বিভ্রান্তি নেই। এ সময়ে নির্বাচিত সংসদ সদস্যরা পাশাপাশি প্যারালাল কনস্টিটুয়েন্ট অ্যাসেম্বলি এবং গণপরিষদে সদস্য হিসেবে কাজ করবেন। জুলাই চার্টারের সংশ্লিষ্ট সংস্কার ও ধারা ঠিক করা হবে নির্বাচিত সংসদ সদস্যদের মাধ্যমে, অন্তর্বর্তী সরকারের কোনো ভূমিকা থাকবে না।

দেশের মানুষ ১১ দলীয়

রহমান। দেশবাসীর উদ্দেশে জামায়াত আমির বলেন, আপনারা সবাই মিলে ঐক্যবদ্ধভাবে কাজ করুন। ১২ অথবা ১৩ তারিখ থেকে অবসরে যাবেন। তার আগে ১১ দলীয় জোটকে জেতানোর জন্য সর্বোচ্চ ত্যাগ স্বীকার করতে হবে। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) বিকেলে নাটোর এন এস কলেজ মাঠে ১১ দলীয় জোট আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নাটোর জেলা জামায়াতের আমির ড. মীর নুরুল ইসলামের সভাপতিত্বে সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন নাটোর-১ আসনের জামায়াত মনোনীত প্রার্থী আবুল কালাম আজাদ। ডা. শফিকুর রহমান বলেন, ?‘শহীদ আবু সাঈদ থেকে ওসমান হাদি পর্যন্ত ১৪০০ জন মানুষ, ছাত্র-ছাত্রী তাদের জীবন উৎসর্গ করেছেন দেশের জন্য, ন্যায়বিচারের জন্য, ইনসাফ কায়েমের জন্য। আমাদের কাঁধের ওপরে রেখে গেছেন গুরুদায়িত্ব। আজ গ্রাম আদালত থেকে শুরু করে সর্বোচ্চ আদালত পর্যন্ত বিচার ব্যবস্থা বিক্রি হয়। না হলে ঋণখেলাপিরা কীভাবে নির্বাচনে স্বপ্ন দেখে? তিনি বলেন, ‘আজ বাংলার মানুষ, তরুণ, মা-বোনেরা জেগেছে। তরুণরা এরইমধ্যে তাদের রায় জানিয়ে দিয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে জগন্নাথ বিশ্ববিদ্যালয় গিয়ে আপাতত ঠেকেছে। দশ দশটি পাবলিক বিশ্ববিদ্যালয় রায় দিয়েছে, রক্ত দিয়েছে। এদেশের তরুণ সমাজ বলে দিয়েছে এদেশে ন্যায় এবং সত্য দিয়ে কোনো চাঁদাবাজ-দুর্নীতিবাজদের সঙ্গে এক হওয়ার জন্য নয়।’ জামায়াত আমির বলেন, ‘আমাদের মা-বোনেরা সিদ্ধান্ত ব্যক্ত করতে শুরু করেছেন। তারা দাঁড়িপাল্লা, শাপলা কলি, রিকশাসহ ১১ দলীয় প্রার্থীদের ভোট দেবেন। দেশের মানুষ জামায়াতসহ ১১ দলীয় জোটকে ক্ষমতায় দেখতে চান।’ সরকারি চাকরিজীবীদের বেতন স্কেল প্রসঙ্গে ডা. শফিকু রহমান বলেন, ‘সরকারি কর্মকর্তা-কর্মচারীরা যারা বেতন স্কেলের জন্য আন্দোলন করছেন, তারা প্রত্যেকে আমার ভাই। অথচ আমাদের তাদের মুখোমুখি করা হচ্ছে। এটা কাম্য নয়। সবাই মিলে ঐক্যবদ্ধভাবে দেশ গড়তে হবে। সরকারি কর্মচারীদের উপযুক্ত বেতন-ভাতা দিতে হবে। তাহলে তারা দুর্নীতিমুক্তভাবে দেশ পরিচালনায় কাজ করতে পারবেন।’

আজ বিএনপির নির্বাচনি

তারেক রহমান আনুষ্ঠানিকভাবে এই ইশতেহার ঘোষণা করবেন। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) দলটির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবীর খান এ তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, শুক্রবার বিকেল ৩টা ৩০ মিনিটে রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে বিএনপির ইশতেহার ঘোষণা করা হবে। ইশতেহার ঘোষণা অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। অনুষ্ঠান পরিচালনা করবেন দলের স্থায়ী কমিটির সদস্য ও নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান নজরুল ইসলাম খান। এদিকে দলীয় সূত্রে জানা গেছে, এবারের নির্বাচনি ইশতেহারে বিএনপির ঘোষিত ৩১ দফা, জুলাই সনদ এবং তরুণ ভোটারদের আকাঙ্ক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়েছে। ইশতেহারে ফ্যামিলি কার্ড, হেলথ কার্ড ও কৃষক কার্ডের মতো জনমুখী ও জীবনঘনিষ্ঠ সেবাসমূহ বিশেষভাবে স্থান পাবে। এছাড়া গণতন্ত্র পুনরুদ্ধার, বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিতকরণ, প্রশাসনের বিকেন্দ্রীকরণ, মানবাধিকার রক্ষা এবং দুর্নীতিবিরোধী কাঠামো শক্তিশালীকরণের বিষয়ে গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতি থাকবে। একই সঙ্গে অর্থনীতি ও পররাষ্ট্রনীতির ক্ষেত্রেও বিশেষ দিকনির্দেশনা তুলে ধরা হবে বলে দলীয় সূত্র জানিয়েছে। ইশতেহারে আলেম-ওলামা, সংখ্যালঘু সম্প্রদায় ও কৃষকদের জন্য বিশেষ অগ্রাধিকারের প্রতিশ্রুতিও অন্তর্ভুক্ত থাকবে। জমকালো আয়োজনের মধ্যদিয়ে প্রকাশিত হতে যাওয়া এই ইশতেহার ঘোষণা অনুষ্ঠানে দেশের বিশিষ্ট নাগরিকদের পাশাপাশি ঢাকায় নিযুক্ত বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, হাইকমিশনার এবং আন্তর্জাতিক সংস্থা ও কূটনৈতিক প্রতিনিধিদের উপস্থিত থাকার কথা রয়েছে।

সরকারি প্রতিষ্ঠানে কোনো

ইউনূস। তিনি বলেছেন, সরকারি ব্যবস্থা, ব্যবস্থাপনা ও দক্ষতা এমনভাবে গড়ে তুলতে হবে যাতে সিদ্ধান্তগুলো দ্রুত বাস্তবায়িত হয় এবং ফাইল আটকে থাকার সংস্কৃতি বন্ধ হয়। এ ক্ষেত্রে প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে নাগরিকদের কাছে সেবা পৌঁছে দেওয়ার ওপর গুরুত্বারোপ করেন তিনি। বৃহস্পতিবার বিকেলে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টার কাছে প্রশিক্ষণ প্রতিষ্ঠানের কার্যক্রম ও প্রাতিষ্ঠানিক মূল্যায়ন সংক্রান্ত একটি প্রতিবেদন হস্তান্তরকালে তিনি এসব কথা বলেন। প্রধান উপদেষ্টার কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট বা জিআইইউ এই প্রতিবেদনটি জমা দেয়। গত ১০ সেপ্টেম্বর অনুষ্ঠিত জাতীয় প্রশিক্ষণ কাউন্সিলের ৯ম সভায় জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রধান উপদেষ্টা প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর মানোন্নয়নের নির্দেশনা দিয়েছিলেন। সেই নির্দেশনার আলোকে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি বা ইউএনডিপির কারিগরি সহায়তায় জিআইইউ এই মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করে। প্রাথমিকভাবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাভুক্ত পাঁচটি প্রতিষ্ঠানকে এই মূল্যায়নের আওতায় আনা হয়েছে। সেগুলো হলো বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বা বিপিএটিসি, বিসিএস প্রশাসন একাডেমি, বিয়াম ফাউন্ডেশন, জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি বা নাডা এবং জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি বা এনএপিডি। বৈঠকে প্রধান উপদেষ্টা বলেন, সরকারি সার্ভিস বা সেবা এবং কোনো প্রতিষ্ঠানে কোনো দুর্নীতি থাকবে না, এটি আমাদের প্রশিক্ষণের ক্ষেত্রে গুরুত্ব দিতে হবে। লক্ষ্য একটাই, নাগরিক কোনো ব্যক্তি বা সরকারের কাছে যাবে না; বরং সরকারের সেবা পৌঁছে যাবে নাগরিকের কাছে। প্রশিক্ষণ ব্যবস্থার সীমাবদ্ধতা তুলে ধরে তিনি বলেন, অনেক ক্ষেত্রে ভবন থাকলেও দক্ষ লোক নেই বা প্রশিক্ষণ পদ্ধতি মান্ধাতা আমলের। গৎবাঁধা প্রশিক্ষণ না দিয়ে একে সমস্যা সমাধানমূলক হতে হবে। তিনি কর্মকর্তাদের মূল্যায়নে নম্বর ও ইনসেনটিভ বা উদ্দীপনা প্রদানের পাশাপাশি প্রতিষ্ঠানগুলোর মধ্যে র‍্যাংকিং বা ক্রমবিন্যাস করারও প্রস্তাব দেন। প্রধান উপদেষ্টা আরও জানান, বেসরকারি কর্মকর্তা-কর্মচারীরাও যেন এসব প্রতিষ্ঠানে প্রশিক্ষণ নিয়ে গর্ববোধ করতে পারেন, তেমন পরিবেশ নিশ্চিত করতে হবে।

বিএসসি প্রকৌশলীদের কোটা

প্রকৌশলী ও সমমান পদ মূলত ডিপ্লোমা প্রকৌশলীদের জন্য নির্ধারিত। সেখানে বিএসসি প্রকৌশলীদের জন্য ৩৩ শতাংশ কোটা সংরক্ষণের প্রস্তাব ডিপ্লোমা প্রকৌশলীদের অধিকার ক্ষুণ্ন করবে। এ ধরনের সিদ্ধান্ত মেধা, দক্ষতা ও ন্যায়বিচারের পরিপন্থী বলেও তারা মন্তব্য করেন। বক্তারা অবিলম্বে প্রস্তাবিত ৩৩ শতাংশ কোটা সংরক্ষণ বাতিল করে কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি জানান। দাবি আদায় না হলে আগামীতে আরও কঠোর আন্দোলন কর্মসূচির ঘোষণা দেওয়া হবে বলেও তারা হুঁশিয়ারি দেন। এ সময় শিক্ষার্থীদের হাতে বিভিন্ন দাবিসংবলিত ব্যানার ও ফেস্টুন দেখা যায়। বিক্ষোভ কর্মসূচি শান্তিপূর্ণভাবে শেষ হয়।

যমুনার সামনে দাবি আদায়ে

নিচ্ছে না।’ সরকারকে হুঁশিয়ারি দিয়ে তিনি বলেন, ‘সরকার যদি শরীফ ওসমান হাদির মৃত্যুর ঘটনায় তদন্ত প্রতিবেদন প্রকাশ করে বিচার না করে, তাহলে সাধারণ জনগণকে সঙ্গে নিয়ে রাস্তায় নামতে বাধ্য হবো।’ ডাকসু নেত্রী ফাতিমা তাসনিম জুমা বলেন, ‘সরকার, প্রশাসন ও রাজনৈতিক দলগুলোকে ইনকিলাব মঞ্চ সর্বাত্মক সহযোগিতা করে আসছে। কিন্তু ইনকিলাব মঞ্চকে সহযোগিতার ক্ষেত্রে বারবার সবাই হাত গুটিয়ে নিয়েছে। জাতিসংঘের তত্ত্বাবধানে হাদি হত্যার তদন্তের দাবিতে ইনকিলাব মঞ্চ ও শহীদের স্ত্রী যমুনার সামনে অবস্থান নিয়েছেন।’ তিনি আরও বলেন, ‘অসহযোগিতা বাড়তে থাকলে ইনকিলাব মঞ্চ জনগণের সহায়তা নেবে এবং সারা দেশের জনগণকে নিয়ে যমুনার সামনে অবস্থান করবে। পরিস্থিতি সামলানোর দায়ভার সরকারের।’ এদিকে, ‘ঘটনাস্থলের সবশেষ আপডেট জানাচ্ছে ইনকিলাব মঞ্চের ফেসবুক পেজ। সর্বশেষ পোস্টে জানানো হয়, চারপাশে শত-শত পুলিশসহ বিভিন্ন বাহিনীর সদস্যদের দিয়ে আমাদের ঘিরে রাখা হয়েছে। লাঠিসোঁটা নিয়ে তারা প্রস্তুতি নিচ্ছে। আমাদেরও শেষ কথা, শহীদ ওসমান হাদির হত্যার নিরপেক্ষ তদন্ত জাতিসংঘের তত্ত্বাবধানে হস্তান্তর না করা অবদি, আমাদের মেরে ফেলা হলেও আমরা একচুলও আমাদের অবস্থান থেকে সরব না।’

পিরোজপুরে জামায়াত আমীরের নির্বাচনী

আয়োজকেরা। পিরোজপুর জেলা জামায়াতের আমীর অধ্যক্ষ তাফাজ্জল হোসাইন ফরিদ বলেন, আগামীকাল কেন্দ্রীয় আমীরে জামায়াত ডা. শফিকুর রহমান পিরোজপুরে শুভ আগমন করবেন। তিনি আশা প্রকাশ করেন, জনসভায় প্রায় লক্ষাধিক মানুষের উপস্থিতি হবে। তাঁর ভাষ্য, প্রস্তুতির কাজ আজকের মধ্যেই সম্পন্ন হবে। তিনি বলেন, ‘আমরা আশা করছি, এই জনসভা সফল ও সার্থক হবে। পিরোজপুরবাসীর জন্য আমীরে জামায়াত নতুন বার্তা নিয়ে আসবেন এবং দেশবাসীর উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ বক্তব্য দেবেন।’

ধানের শীষে ভোট দিলে ভোট

আলহাজ্ব অ্যাড. মোঃ মজিবর রহমান সরোয়ার। এছাড়াও বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বরিশাল মহানগর বিএনপি’র আহ্বায়ক মনিরুজ্জামান ফারুক, সদর উপজেলা বিএনপি’র আহ্বায়ক আলহাজ্ব নুরুল আমিন ও বরিশাল মহানগর যুবদলের সাধারন সম্পাদক মাসুদ হাসান মামুন। প্রধান অতিথির বক্তব্যে মজিবর রহমান সরোয়ার বলেন, বরিশালে বিএনপি সরকারের সময় অনেক উন্নয়ন হয়েছে। বরিশাল বিভাগ হয়েছে, বরিশাল সিটি কর্পোরেশন সহ এ জেলায় প্রচুর উন্নয়ন কাজ হয়েছে। আগামিতেও বিএনপি সরকার গঠন করতে পারলে এ এলাকার উন্নয়নে কাজ করবে বিএনপি। তিনি চরবাড়িয়া ইউনিয়নের প্রধান সমস্যা- নদী ভাঙ্গনরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার আশ্বাস দেন। এ ছাড়াও লামছড়ি রাস্তা সংস্কারসহ বেড়িবাঁধ নির্মাণের প্রতিশ্রুতি দিয়ে সকলকে ধানের শীষে ভোট দিতে আহ্বান জানান মজিবর রহমান সরোয়ার। সাধারন মানুষের প্রানের দল বিএনপি দাবি করে তিনি বলেন, একটি দল রাষ্ট্র ক্ষমতা দখলের উদ্দেশ্যে ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে, তাই সকলকে সাবধান থাকতে হবে। তারেক রহমানের নির্দেশনা মেনে ভোট কেন্দ্রে কড়া পাহাড়া দিতে হবে। জাল ভোটসহ সকল ধরনের অনিয়মের বিরুদ্ধে শক্ত প্রতিরোধ গড়ে তুলতে হবে। বক্তৃতাকালে তিনি এলাকার নারী সমাজকে বাড়ী বাড়ী গিয়ে ধানের শীষের পক্ষে প্রচারণা করার আহ্বান জানান। উঠান বৈঠকে বিশেষ অতিথি মনিরুজ্জামান ফারুক বলেন, আপনারা ১২ তারিখে ধানের শীষ মার্কায় মজিবর রহমান সরোয়ারকে ভোট দিন। মজিবর রহমান সরোয়ার বরিশালে পরীক্ষিত ব্যক্তি। তিনি এ আসনে ৪ বার এমপি, মেয়র নির্বাচিত হয়েছেন। তিনি এ এলাকায় সরকারী সহায়তায় অনেক উন্নয়ন করেছেন। এছাড়াও তিনি ব্যক্তি উদ্যোগেও অনেক স্কুল, কলেজ, মাদ্রাসা নির্মাণ করেছেন। অনেক এতিমের থাকা খাওয়ার ব্যবস্থা করেছেন। এছাড়াও অনেক আর্থিক অনুদান করেছেন। কিন্তু আমাদের প্রতিদ্বন্দ্বী প্রার্থী কিছুউ করেন নাই। তিনি বরিশালের মানুষের কোন বিপদে পাশে দাড়াননি। তিনি শুধু নিতেই জানেন, এমনকি তার মাহফিলে দুরদুরান্ত থেকে আগত অসহায় মানুষের কাছ থেকেও তিনি টাকা নেন। যাওয়ার গাড়ীভাড়া রেখে সব টাকাই তিনি নিয়ে নেন। সভাপতির বক্তব্যে সাইফুল ইসলাম আব্বাস চরবাড়িয়ার উন্নয়নে সকলকে ধানের শীষ প্রতীকে ভোট দেয়ার আহ্বান জানান। এছাড়াও তিনি ইউনিয়নের পক্ষ থেকে ধানের শীষের প্রার্থীর কাছে বিভিন্ন দাবি দাওয়া তুলে ধরেন।

নতুন এমপিদের শপথ

তিনি বলেন, জাতীয় সংসদের স্পিকার ও ডেপুটি স্পিকারের পদ কার্যত শূন্য থাকায় সংবিধানের বিশেষ বিধান অনুযায়ী প্রধান নির্বাচন কমিশনার শপথ পড়াতে পারবেন। সংবিধান অনুযায়ী, সাধারণত আগের সংসদের স্পিকার নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ পাঠ করান। তবে চব্বিশের গণঅভ্যুত্থানের পর গত ২ সেপ্টেম্বর জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরী পদত্যাগ করেন। ডেপুটি স্পিকার শামসুল হক টুকু বর্তমানে কারাগারে থাকলেও তিনি আনুষ্ঠানিকভাবে পদত্যাগ করেননি। সংবিধানের ৭৪(৬) অনুচ্ছেদে বলা হয়েছে, নতুন স্পিকার দায়িত্ব গ্রহণ না করা পর্যন্ত আগের স্পিকার বা ডেপুটি স্পিকার পদে বহাল রয়েছেন বলে গণ্য করা হবে। সংবিধানের ১৪৮(১) ও ১৪৮(২) অনুচ্ছেদে স্পিকার বা তার মনোনীত ব্যক্তির মাধ্যমে শপথ পাঠেরবিধান থাকলেও বর্তমান পরিস্থিতিতে প্রযোজ্য হচ্ছে ১৪৮(২ক) অনুচ্ছেদ। এতে বলা হয়েছে, গেজেট প্রকাশের তিনদিনের মধ্যে স্পিকার বা তার মনোনীত কেউ শপথ পড়াতে না পারলে পরবর্তী তিনদিনের মধ্যে প্রধান নির্বাচন কমিশনার শপথ পাঠ করাতে পারবেন। এছাড়া সংবিধানের তফসিল-৩ অনুযায়ী, স্পিকার ও ডেপুটি স্পিকার উভয়েই দায়িত্ব পালনে অক্ষম হলে রাষ্ট্রপতির অনুমোদন সাপেক্ষে প্রধান নির্বাচন কমিশনার শপথ পড়ানোর ক্ষমতা রাখেন।

মেহেন্দিগঞ্জ আসছেন জামায়াত আমির

বিপুলসংখ্যক নেতাকর্মী জনসভার সার্বিক প্রস্তুতি কাজ দেখাশোনা করেছেন।জামায়াত নেতৃবৃন্দ বলেন, ডা. শফিকুর রহমানের এই আগমন শুধু একটি রাজনৈতিক কর্মসূচি নয়, বরং হিজলা-মেহেন্দিগঞ্জবাসীর জন্য একটি গুরুত্বপূর্ণ বার্তা বহন করে। জনসভায় দেশ ও জাতির চলমান সংকট, ভবিষ্যৎ রাষ্ট্রব্যবস্থা, সুশাসন, ন্যায়বিচার ও গণতান্ত্রিক অধিকার নিয়ে দিক নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করা হবে। জামায়াতে ইসলামীর বরিশাল জেলা আমির ও বরিশাল-৪ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী অধ্যাপক মাওলানা মোহাম্মদ আবদুল জব্বার বলেন, দীর্ঘদিন পর অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের প্রত্যাশায় মানুষ মুখিয়ে আছে। এই জনসভা সেই প্রত্যাশার প্রতিফলন ঘটাবে। তিনি সর্বস্তরের জনগণকে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে জনসভাকে সফল করার আহ্বান জানান। একইসঙ্গে প্রশাসনের দায়িত্বশীল মহলের প্রতি জনসভায় আগত নেতৃবৃন্দ ও জনগণের নিরাপত্তা নিশ্চিত করা এবং শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে ব্যবস্থাগ্রহণ ও সহযোগিতার আহ্বান জানানো হয়। উল্লেখ্য, জামায়াতে ইসলামীর বর্তমান আমির ডা. শফিকুর রহমানের মেহেন্দিগঞ্জ সফর এটাই প্রথম। এর আগে দলটির সাবেক আমির মরহুম অধ্যাপক গোলাম এবং সাবেক আমীর মরহুম মাওলানা মতিউর রহমান নিজামী একবার আরসি কলেজ মাঠে জনসভায় এসেছিলেন। তাছাড়া শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এবং সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া মেহেন্দিগঞ্জ গিয়েছেন। বেগম জিয়ার সফরের পর কোন গুরুত্বপূর্ণ রাজনৈতিক দলের প্রধানের মেহেন্দিগঞ্জ সফর এই প্রথম। যার ফলে এটা মেহেন্দিগঞ্জবাসীর জন্য গর্বের ও প্রতিক্ষার বিষয় হিসেবে দেখছেন অনেকেই। মেহেন্দিগঞ্জ পৌরসভার প্রবীন বাসিন্দা শফিকুল ইসলাম বলেন, একটি গুরুত্বপূর্ণ রাজনৈতিক দলের প্রধান আমাদের অবহেলিত জনপদ মেহেন্দিগঞ্জ আসছেন এটা আমাদের সত্যিই গর্বের বিষয়। উলানিয়ার তরুন ভোটার রিয়াজুল ইসলাম বলেন, আমরা গর্বিত যে, ডা. শফিকুর রহমানের মতো একজন জাতীয় নেতা এখানে আগমন করবেন।

ভারতের সঙ্গে সম্পর্ক থমকে

তিনি। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে গণমাধ্যমকর্মীদের সঙ্গে মতবিনিময়কালে মো. তৌহিদ হোসেন এসব কথা বলেন। পররাষ্ট্র উপদেষ্টা বলেন, ‘ভারতের সঙ্গে আমরা ভালো সম্পর্কের কথা বলে আসছি। আমি আপনাদের এটুকু বলতে পারি, আমার দিক থেকে এবং আমার ওপরে যিনি ছিলেন- প্রধান উপদেষ্টা আছেন বা সরকারের যে মতামত, এতে কিন্তু কোনো দ্বন্দ্ব নেই। পারস্পরিক বোঝাপড়া এবং দায়দায়িত্বের জায়গা থেকে আমরা আসলেই ভারতের সঙ্গে একটা ভালো, কাজের সম্পর্ক চেয়েছি। এটা আমরা সব সময় চেয়েছি।’ সম্পর্ক প্রত্যাশিত মাত্রায় না পৌঁছানো প্রসঙ্গে তিনি বলেন, ‘সফল হয়েছি এটা ঠিক বলতে পারি না। কারণ, অনেক ক্ষেত্রে এটি (সম্পর্ক) অনেকটা থমকে আছে। আমি বলব না যে বিরাট কোনো সংকট সৃষ্টি হয়েছে। তবে সম্পর্কটা থমকে আছে।’ এই পরিস্থিতির জন্য কাউকে এককভাবে দায়ী করতে চান না তৌহিদ হোসেন। তার মতে, ‘আমি কাউকে দোষারোপ করতে চাই না। ভারত নিশ্চয়ই তাদের স্বার্থ যেভাবে চিন্তা করে সেভাবে করেছে। আমরা আমাদের স্বার্থ যেভাবে রক্ষিত হয় বলে ভেবেছি, সেভাবে করার চেষ্টা করেছি। দুটো ঠিক অনেক ক্ষেত্রে মেলেনি। আমাদের দুই পক্ষের নিজস্ব স্বার্থের ধারণার মধ্যে একটা তফাত রয়ে গেছে, যার কারণে অনেক ক্ষেত্রে আমরা এগোতে পারিনি।’ পররাষ্ট্র উপদেষ্টা আশা প্রকাশ করেন পরবর্তী সরকারের সময়ে অমীমাংসিত বিষয়গুলো কাটিয়ে ওঠা সম্ভব হবে। তিনি বলেন, ‘আমি আশা করব যে আমার উত্তরাধিকারী যিনি আসবেন এবং এই সরকারের উত্তরাধিকারী যে সরকার হবে, তাদের সময়ে আবার মসৃণ একটা সম্পর্ক প্রতিষ্ঠিত হবে। ইস্যু থাকবেই। এটি আমি সব দেশের ক্ষেত্রে বলেছি। সেগুলো নিয়ে সংঘাতও থাকবে স্বার্থের। তারপরও একটা মসৃণ সম্পর্ক গুরুত্বপূর্ণ। আমাদের সময়ে সম্পর্ক খুব স্মুথ ছিল না, এটি আমি স্বীকার করেই নিয়েছি। কারণ, বেশ কয়েকটি সেটব্যাক (পিছুটান) হয়েছে।’ ভারতে অবস্থানরত ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সেখানে রেখে সম্পর্ক কতটা মসৃণ হবে- এমন প্রশ্নের জবাবে তৌহিদ হোসেন বলেন, ‘আপনি তো নৈরাশ্যবাদী হতে পারেন না। আপনাকে আশাবাদী হতেই হবে। আমি আশাবাদ ব্যক্ত করছি, এ জন্য কোনো একটা পথ নিশ্চয়ই বের হবে; এই সমস্যাগুলোর সমাধানে পৌঁছানো যেতে পারে।’ শেখ হাসিনাকে ফেরত দেওয়ার বিষয়ে ভারতের মনোভাব জানতে চাইলে তিনি বলেন, ‘মনোভাব একটা বিমূর্ত বিষয়। মনোভাব নিয়ে কখনো কথা বলা উচিত নয়। অফিশিয়ালি যেটা করা হয়েছে, সেটাই বলা যাবে। আমরা তাকে ফেরত চেয়েছি, তাদের রেসপন্স (সাড়া) পাইনি। এর বাইরে আমাদের স্পেকুলেশনে (অনুমান) যাওয়া ঠিক হবে না।’

ভোটকেন্দ্রের বডি ক্যামেরায়

ত্রুটি কিংবা হ্যাকিংয়ের ঘটনা ঘটলে মানুষের আস্থার জায়গাটা নড়বড়ে হয়ে যেতে পারে। বডিক্যাম সাধারণত বডি ক্যামেরা বা বডি-ওর্ন ক্যামেরা নামে পরিচিত। অন্য ক্যামেরার মতো এতে লেন্স, স্টোরেজ (ইন্টারনাল মেমোরি বা মাইক্রোএসডি), ব্যাটারি ও রেকর্ডিং কন্ট্রোল থাকে। তবে এ ক্যামেরার বিশেষত্ব হলো এটি মানুষের শরীরে সংযুক্ত থাকে। আকারে ছোট। এই ক্যামেরা রাখার উদ্দেশ্য হলো সামনের দৃশ্যের ভিডিও করা এবং কমান্ড দেওয়া। এছাড়া ইন্টারনেটের সঙ্গে যুক্ত হয়ে বডি ক্যামেরার মাধ্যমে কন্ট্রোল রুমে থাকা ঊর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশনা অনুসরণ করতে পারবেন আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা। বডিক্যাম আলাদাভাবে চালানোর প্রয়োজন হয় না। সচল থাকলে তা লেন্সের আওতায় আসা সব দৃশ্য ভিডিও করে রাখে। ব্যবহারকারীর গতিবিধি পরিবর্তনের সঙ্গে সঙ্গে ক্যামেরার গতিবিধিও বদলে যায়। অনেক ক্ষেত্রে বডিক্যাম অডিও রেকর্ডও করে রাখে। বডিক্যাম ব্যবহার করা বাংলাদেশ পুলিশের জন্য নতুন নয়। ২০১৪ সালের ৩১ ডিসেম্বর ঢাকা মহানগর পুলিশের ট্রাফিক বিভাগ প্রথমবারের মতো বডিক্যাম ব্যবহার করতে শুরু করে। পাইলট প্রকল্প হিসেবে এটি তখন চালু করা হয়। পরে চট্টগ্রাম, সিলেট, রাজশাহী ও বরিশাল মহানগর এবং মৌলভীবাজার জেলা পুলিশের ট্রাফিক বিভাগকেও বডিক্যাম দেওয়া হয়। বগুড়া ও কক্সবাজারের ট্রাফিক পুলিশেও পরীক্ষামূলকভাবে এ ক্যামেরার ব্যবহার চালু রয়েছে। কেউ ট্রাফিক আইন লঙ্ঘন করছে এমন ঘটনার ভিডিও করে ট্রাফিক পুলিশ বিভিন্ন যানবাহন ও চালকের বিরুদ্ধে ব্যবস্থা নেয়। আইন লঙ্ঘনের সময়কার ভিডিও থাকায় আইন লঙ্ঘনকারী ব্যক্তি অভিযোগ অস্বীকার করতে পারেন না। আবার অনেক সময় আইন লঙ্ঘন করার পরও অনেক মানুষ ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেন। বডিক্যাম ব্যবহার করলে আইন লঙ্ঘনকারী ব্যক্তি পুলিশের ওপর চড়াও হতে পারেন না। কোনো ঘটনা যেমন সংঘর্ষ, অভিযোগ বা অপরাধের সময় বডিক্যামের ফুটেজ একটি নিরপেক্ষ প্রমাণ হিসেবে কাজ করে। এটি আদালত ও অভ্যন্তরীণ তদন্তে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বডিক্যামের সবচেয়ে বড় সুবিধা হলো এটি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিত করবে। বডিক্যাম ব্যবহার করার ফলে অনেক সময় অপ্রীতিকর পরিস্থিতি বা সহিংসতা এড়ানো যায়। কারণ, যখন কেউ জানতে পারে যে তার কর্মকাণ্ড রেকর্ড হচ্ছে, তখন সে শান্ত থাকতে চেষ্টা করে। এতে অফিসার ও সাধারণ মানুষ উভয়েরই নিরাপত্তা নিশ্চিত হয়। বডি ক্যামেরায় ধারণ করা ভিডিও ফুটেজ তাৎক্ষণিকভাবে অথবা পরবর্তীসময়ে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণ কক্ষ ও নির্বাচন কমিশনের মনিটরিং টিম পর্যালোচনা করবে। কোনো অভিযোগ বা অনিয়মের তথ্য পাওয়া গেলে সংশ্লিষ্ট ফুটেজ প্রমাণ হিসেবে ব্যবহার করা যাবে। এতে ভোটকেন্দ্রভিত্তিক ঘটনার নির্ভরযোগ্য ডকুমেন্টেশন তৈরি হবে। পুলিশ সদর দপ্তর সূত্র জানায়, নির্বাচনে ২৫ হাজারের বেশি বডি-ওর্ন ক্যামেরা ব্যবহার করবে পুলিশ। এর মধ্যে ১৫ হাজার ক্যামেরা থাকবে অনলাইনে, ১০ হাজার অফলাইনে। অনলাইনে থাকা ক্যামেরা দিয়ে লাইভ স্ট্রিমিং করা যাবে। এজন্য একটি স্বতন্ত্র সুরক্ষিত নেটওয়ার্ক গড়ে তুলছে পুলিশ সদর দপ্তর। সাইবার হামলার মাধ্যমে হ্যাকিং করে কোনো হ্যাকার যাতে এই অনলাইন নেটওয়ার্কে অনুপ্রবেশ করতে না পারে, সে জন্য শক্তিশালী নিরাপত্তা ব্যবস্থা নিতে যাচ্ছে পুলিশ। সন্দেহজনক কোনো ট্রাফিক এই নেটওয়ার্কে এলে অ্যালার্ট ও অটো ব্লকের ব্যবস্থা থাকবে। হ্যাকিং প্রতিরোধের শক্তিশালী ব্যবস্থাও থাকছে। সংশ্লিষ্টরা জানান, অনলাইনে বডি-ওর্ন ক্যামেরার জন্য ডকিং স্টেশন, সার্ভার ও ক্লাউডভিত্তিক ডেটা ব্যবস্থাপনার সমন্বয়ে একটি পূর্ণাঙ্গ নেটওয়ার্ক গড়ে তোলা হচ্ছে। এই নেটওয়ার্কের যে কোনো স্তরে নিরাপত্তা দুর্বল হলে ভোটের সংবেদনশীল ভিডিও ফাঁস, প্রমাণ নষ্ট কিংবা তথ্য বিকৃতির ঘটনা ঘটতে পারে। বিষয়টি মাথায় রেখেই বডি-ওর্ন ক্যামেরার অনলাইন নেটওয়ার্কে শক্তিশালী নিরাপত্তা সলিউশন ব্যবহার করা হবে, যার মাধ্যমে যে কোনো ধরনের সাইবার হামলার ঝুঁকি মোকাবিলা করা হবে। সন্দেহজনক কোনো ডেটা অনুপ্রবেশ করতে দেওয়া হবে না। শুধু বাইরের সাইবার হামলাই নয়, ভেতরের অপব্যবহার ঠেকাতে অনুমোদিত পুলিশ কর্মকর্তা ও সদস্যরা কখন কোন ভিডিও দেখবেন, কপি করবেন বা ব্যবহার করবেন এসব বিষয় নিশ্চিতে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করবে পুলিশ সদর দপ্তর। এজন্য ভিডিও ডেটা ব্যবহারে মাল্টি-ফ্যাক্টর অথেনটিকেশন চালু এবং প্রতিটি অ্যাকসেসের অডিট লগ সংরক্ষণ বাধ্যতামূলক করা হচ্ছে। এসব লগ পরিবর্তন বা মুছে ফেলার সুযোগ থাকবে না। পুলিশ সদর দপ্তর সূত্র বলছে, বডিক্যাম ব্যবহারের জন্য দেশের প্রতিটি থানায় একটি ডকিং বা ডক স্টেশন থাকবে। প্রতিটি ডক স্টেশন একেকটি ডিজিটাল প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে। থানার নির্ধারিত পুলিশ কর্মকর্তা এই প্ল্যাটফর্মে বসে ভোটের মাঠে থাকা বডিক্যামে নজরদারি করবেন। এছাড়া সব পুলিশ কমিশনার, রেঞ্জ ডিআইজি ও পুলিশ সুপারের দপ্তরে আলাদা ডক স্টেশন প্ল্যাটফর্ম থাকবে। এজন্য সারা দেশে মোট ৭২০টি ইউজার প্ল্যাটফর্ম বসানো হচ্ছে। পুলিশ সদর দপ্তরের কমান্ড সেন্টার থেকে সবকিছু নিয়ন্ত্রণ করা হবে। ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম অ্যান্ড অপারেশনস) এসএন নজরুল ইসলাম জানান, বডি-ওর্ন ক্যামেরা ব্যবহারের জন্য তারা ডিএমপির প্রতিটি থানায় একটি করে ডক স্টেশন স্থাপন করছেন। এই ডক স্টেশন থেকে সংশ্লিষ্ট থানা এলাকার ভোটকেন্দ্রগুলোয় থাকা বডি-ওর্ন ক্যামেরার ব্যবহার তদারকি ও নজরদারি করবেন থানার দায়িত্বশীল কর্মকর্তা। পুলিশ সদর দপ্তরের দায়িত্বশীল একজন কর্মকর্তা জানান, নির্বাচনে ঝুঁকিপূর্ণ ও অধিক ঝুঁকিপূর্ণ ভোটকেন্দ্রগুলোয় বডি-ওর্ন ক্যামেরা ব্যবহার করা হবে। এর মধ্যে ১৫ হাজার ক্যামেরায় সিম কার্ড সংযুক্ত থাকবে, যাতে থাকবে ইন্টারনেট সংযোগ। কোনো ভোটকেন্দ্রে গোলযোগ হলে ‘এসওএস’ পাঠানোর মাধ্যমে এসব ক্যামেরা থেকে সরাসরি ইন্টারনেটের মাধ্যমে লাইভ স্ট্রিমিং করা যাবে। সার্বক্ষণিক লাইভ ছবি ও ভিডিও দেখার ব্যবস্থা থাকবে। ভোটকেন্দ্রের যে কোনো ঘটনার দৃশ্য এ ক্যামেরায় স্বয়ংক্রিয়ভাবে রেকর্ড হয়ে যাবে। এছাড়া ভোটকেন্দ্রের আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যবেক্ষণ করে যে কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে তাৎক্ষণিক পদক্ষেপ নিতে পারবে নির্বাচন কমিশন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। ভোটগ্রহণকালে পুলিশ সদর দপ্তরের কমান্ড সেন্টার থেকে বডি-ওর্ন ক্যামেরার মাধ্যমে সরাসরি ভোটকেন্দ্রের পরিস্থিতি পর্যবেক্ষণ করবেন পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা। ভোটকেন্দ্রের যে কোনো বিতর্কিত ঘটনার সমাধানে সহায়ক হতে পারে বডি-ওর্ন ক্যামেরার ছবি ও ফুটেজ। ভোটকেন্দ্রের ভেতরে-বাইরে যে কোনো ঘটনার ফুটেজ এভিডেন্স হিসেবে বডি-ওর্ন ক্যামেরার মেমোরি কার্ডে সংরক্ষিত থাকবে। প্রয়োজন অনুযায়ী সেই ফুটেজ কাজে লাগাতে পারবেন সংশ্লিষ্টরা। পুলিশকে ২৫ হাজার ৭শ বডি-ওর্ন ক্যামেরা দেওয়া হচ্ছে উল্লেখ করে সম্প্রতি এক অনুষ্ঠানে স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, কেন্দ্র দখল যেন না হয়, সে জন্য এবার ভোটকেন্দ্রে সিসিটিভি ক্যামেরা বসানো হচ্ছে। পুলিশকে ২৫ হাজার ৭০০ বডি-ওর্ন ক্যামেরা দেওয়া হচ্ছে, ড্রোন ব্যবহার করা হচ্ছে। এরপরও যদি কেউ কোনো রকম এদিক-সেদিক করতে যায়, তাহলে ছাড় পাবে না। বডি-ওর্ন ক্যামেরার প্রশিক্ষণ নেওয়া একজন পুলিশ সদস্য বলেন, বডি ক্যামেরায় ভোটগ্রহণ থেকে শুরু করে শেষ পর্যন্ত সব অবস্থা রেকর্ড করা যাবে। থানা কন্ট্রোল রুম, জেলা পুলিশ কার্যালয়, পুলিশের বিভাগীয় কার্যালয়/মেট্রোপলিটন, পুলিশ সদর দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং প্রধান উপদেষ্টার কার্যালয় থেকে লাইভ মনিটরিং করা যাবে। যে কোনো বিশৃঙ্খলার ভিডিও তাৎক্ষণিকভাবে কন্ট্রোল রুম থেকে দেখে নির্দেশনা পাঠানো যাবে। প্রযুক্তি বিশেষজ্ঞ তানভীর জোহা ও প্রসিকিউটর (সহকারী অ্যাটর্নি জেনারেল) তানভীর হাসান জোহা বলেন, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি) বডি ক্যামেরা নিয়ে কাজ করছে। শুধু বডি ক্যামেরাতেই থেমে নেই একটি প্ল্যাটফর্ম তৈরি করা হয়েছে। সেই প্ল্যাটফর্মে পুলিশ ও অন্য আইনশৃঙ্খলা বাহিনী এবং প্রধান উপদেষ্টা পর্যন্ত লাইভ আপডেট থাকবে। যদি বডি ক্যামেরা ভালোভাবে সমন্বয় করা যায়, তাহলে অবশ্যই ভালো ফল পাওয়া যাবে। তিনি আশা করেন, বড় ধরনের সাইবার হামলা না ঘটলে যে কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনাকে মোকাবিলা করতে পারবে আইনশৃঙ্খলা বাহিনী। এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক ও অপরাধ বিশেষজ্ঞ ড. তৌহিদুল হক বলেন, ‘বৈশ্বিকভাবেই এখন নিরাপত্তার ক্ষেত্রে অ্যাপ বা সামাজিক প্ল্যাটফর্মের ব্যবহার শুরু হয়েছে। সেখান থেকে আমাদের দেশেও প্রযুক্তিনির্ভর নিরাপত্তা ব্যবস্থা চালু করা হয়েছে। সরকারের এ উদ্যোগকে আমি স্বাগত জানাই।’ তবে তিনি সতর্ক করে বলেন, ‘এই প্রযুক্তির যথাযথ রক্ষণাবেক্ষণ ও ত্রুটিমুক্ত ব্যবহার নিশ্চিত করতে না পারলে কাঙ্ক্ষিত ফল পাওয়া যাবে না। ঝুঁকিপূর্ণ কেন্দ্রগুলোতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বডি-ওর্ন ক্যামেরা ও ড্রোন ব্যবহার করবে এটি অবশ্যই ভালো উদ্যোগ। কিন্তু চূড়ান্ত প্রয়োগের ক্ষেত্রে যদি কোনো ত্রুটি ঘটে, তাহলে মানুষের আস্থার জায়গাটা নড়বড়ে হয়ে যেতে পারে। সেদিকে নজর দেওয়া জরুরি।’

এই মুহূর্তে তারেক রহমানের

জনসংযোগ শেষে উঠান বৈঠকে প্রধান অতিথির বক্তব্যে জহির উদ্দিন স্বপন আরও বলেন, আগামী ১২ ফেব্রুয়ারির নির্বাচন বাংলাদেশের মানুষের ভাগ্যের পরিবর্তনের নির্বাচন। তাই এই নির্বাচনে কোন প্রকার ভুল করা যাবে না। তিনি সবাইকে ঐক্যবদ্ধ হয়ে ধানের শীষের পক্ষে প্রতিটি ভোটারের কাছে গিয়ে ভোট নিশ্চিত করার আহ্বান জানান। উঠান বৈঠকে উপস্থিত নারী ও পুরুষদের সাথে কুশল বিনিময় শেষে তিনি ধানের শীষে ভোট দেয়ার অনুরোধ করেন। ওয়ার্ড বিএনপির সাবেক সভাপতি শরীফ মো. জামালের সভাপতিত্বে অনুষ্ঠিত উঠান বৈঠকে উপস্থিত ছিলেন বরিশাল জেলা উত্তর বিএনপির সদস্য সচিব মিজানুর রহমান খান মুকুল, গৌরনদী উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক বদিউজ্জামান মিন্টু, পৌর বিএনপির সাবেক আহ্বায়ক মো. জাকির হোসেন শরীফ, সাবেক পৌর কাউন্সিলর গোলাম মোর্শেদ পান্নাসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দরা। একইদিন ধানের শীষের প্রার্থী জহির উদ্দিন স্বপন গৌরনদী উপজেলার নলচিড়া ইউনিয়নের চরদিয়াশুর, পৌরসভার দিয়াশুর বাংলাবাজার, লেবুতলী, হিজলতলা, টরকীরচরসহ বিভিন্ন এলাকায় জনসংযোগ করেন।

বাংলাদেশি শিল্প-সংস্কৃতি রক্ষায়

আয়োজিত প্রচারণায় অংশ নিয়ে তিনি এ কথা বলেন। প্রচারণায় অংশ নিয়ে রহমাতুল্লাহ বলেন, দেশের ঐতিহ্যবাহী শিল্প-সংস্কৃতি একটি মহলের অপচেষ্টায় ধ্বংসের মুখে পড়ছে। গ্রামবাংলার লোকজ সংস্কৃতি, পালাগান, বাউল, জারি-সারি, ভাটিয়ালি, লাঠিখেলা ও বিভিন্ন গ্রামীণ সাংস্কৃতিক ঐতিহ্য আজ অবহেলিত। এসব ঐতিহ্যকে টিকিয়ে রাখতে হলে দেশীয় সংস্কৃতির পৃষ্ঠপোষক শক্তিকে বিজয়ী করতে হবে। তিনি আরও বলেন, শিল্পী ও সংস্কৃতিকর্মীরা সমাজের বিবেক। তাদের যথাযথ সম্মান ও নিরাপদ সাংস্কৃতিক পরিবেশ নিশ্চিত করা না গেলে জাতির আত্মপরিচয়ই সংকটে পড়বে। তাই শিল্পী-সংস্কৃতিকর্মীসহ সব শ্রেণি-পেশার মানুষকে ধানের শীষের পক্ষে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান তিনি। প্রচারণায় বরিশাল বিভাগীয় দক্ষিণাঞ্চল শিল্পী পরিষদের সভাপতি মোঃ ফরিদ উদ্দিন খান, সাধারণ সম্পাদক মোঃ শাহীন আলমসহ প্রায় ৪০-৫০ জন শিল্পী অংশ নেন। এ সময় তারা দলীয় প্রার্থীর পক্ষে বিভিন্ন সড়ক ও এলাকায় গণসংযোগ করেন, পথচারী ও দোকানিদের মাঝে লিফলেট বিতরণ করেন এবং দেশীয় সংস্কৃতি রক্ষার পক্ষে সচেতনতামূলক স্লোগান দেন। উপস্থিত শিল্পীরা বলেন, দেশের গ্রামীণ শিল্প-সংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে হলে এ খাতে আরও পৃষ্ঠপোষকতা প্রয়োজন। তারা আশা প্রকাশ করেন, ধানের শীষের প্রার্থী বিজয়ী হলে শিল্পী-সংস্কৃতিকর্মীদের কল্যাণে কার্যকর উদ্যোগ নেওয়া হবে।

ইয়াবা-গাঁজা-অস্ত্রসহ স্বেচ্ছাসেবক

দলের সদস্য সচিব। বুধবার রাতে বাংলাদেশ সেনাবাহিনীর নলছিটি ক্যাম্প কমান্ডার ক্যাপ্টেন তানভীর, সেকেন্ড ইন কমান্ড ক্যাপ্টেন সাইয়ার ও লেফটেন্যান্ট সৌরভের নেতৃত্বে উপজেলার পৌর এলাকার অনুরাগ গ্রামে এ অভিযান পরিচালনা করা হয়। এসময় তাদের কাছ থেকে ৪৬ পিচ ইয়াবা ট্যাবলেট,৬শত গ্রাম গাঁজা, ইয়াবা সেবনের সরঞ্জাম, দেশীয় অস্ত্র ও মাদক বিক্রির নগদ টাকা উদ্ধার করা হয়। পরবর্তী আইনি প্রক্রিয়ার জন্য তাদের নলছিটি থানায় সোপর্দ করা হয়েছে।

মসজিদে ‘ইমাম’ পরিচয়ে

মাইঝাইল পশ্চিমপাড়া জামে মসজিদে। স্থানীয় সূত্রে জানা যায়, ৪ ফেব্রুয়ারি দুপুরে মসজিদে ইমামদের আচরণ ও কথাবার্তায় সন্দেহ হলে হাফেজ মাওলানা শফিকুল ইসলাম বিষয়টি স্থানীয় ইমাম, মসজিদ কমিটির সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিদের জানান। পরে বিষয়টি জানাজানি হলে এলাকায় ক্ষোভ ও উদ্বেগ দেখা দেয়। মসজিদ কমিটির সহসভাপতি আইয়ুব আলী বেপারী জানান, অভিযোগের পর ইমামদের থাকার কক্ষে তল্লাশি চালানো হয়। সেখানে খ্রিস্টান ধর্মসংক্রান্ত লিফলেট, কাগজপত্র ও যিশু খ্রিস্ট সম্পর্কিত বই পাওয়া যায়। এসব আলামতের ভিত্তিতে অভিযোগের সত্যতা পাওয়া গেছে বলে দাবি করেন তিনি। পরে মসজিদ কমিটির পক্ষ থেকে ভাঙ্গা থানা পুলিশকে খবর দেওয়া হলে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ওই দুজনকে আটক করে। আটকরা হলেন- বাগেরহাট জেলার ডুবাতলা এলাকার আবুল কাশেমের ছেলে সরোয়ার হোসেন (৪৫) ও একই জেলার মনির খা এলাকার রস্তম আলীর ছেলে মো. হাবিব উল্লাহ (৪৫)। এ বিষয়ে মুফতি শফিকুল ইসলাম বলেন, পাশের মসজিদের ইমাম হাবিবুল্লাহ তাকে বিভিন্ন সময় অর্থ, বিদেশ ভ্রমণসহ নানা প্রলোভন দেখিয়ে খ্রিস্টান ধর্ম গ্রহণের প্রস্তাব দেন। বিষয়টি নিশ্চিত হওয়ার পর তিনি স্থানীয়দের জানিয়ে তাকে আটক করতে সহায়তা করেন। ভাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল আলীম বলেন, মাইঝাইল এলাকার একটি মসজিদ থেকে অন্য ধর্মের প্রচারণামূলক লিফলেট ও বইসহ দুজনকে স্থানীয়রা আটক করে পুলিশের কাছে সোপর্দ করেছে। এ ঘটনায় মামলা হয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে ধারণা করা হচ্ছে, তারা কিছু সুযোগ-সুবিধার লোভে পড়ে খ্রিস্টান ধর্মের প্রচার-প্রচারণায় জড়িত ছিল। বিষয়টি গুরুত্বসহকারে তদন্ত করা হচ্ছে।

পাথরঘাটায় মেয়েকে ধর্ষণের

একটি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী। গত জানুয়ারি মাসে নিজ বাড়িতে দুই দফায় বাবার মাধ্যমে ধর্ষণের শিকার হন বলে অভিযোগ করা হয়েছে। ঘটনার পর তাঁকে জন্মনিয়ন্ত্রণ ওষুধও সেবন করানো হয়। স্থানীয় এক জনপ্রতিনিধি নাম প্রকাশ না করা শর্তে বলেন, এর আগেও অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে প্রতিবেশি এক নারীকে ধর্ষণের অভিযোগের কথা এলাকায় শোনা গিয়েছিল। পরে স্থানীয়ভাবে অর্থের বিনিময়ে বিষয়টির মীমাংসা করা হয়েছিল। পাথরঘাটা থানা সূত্রে জানা যায় , বৃহস্পতিবার গ্রেপ্তার ব্যক্তিকে আদালতে পাঠানো হবে। পরবর্তী নির্দেশনার জন্য কিশোরীকেও আদালতে নেওয়া হবে।

উজিরপুরের ৮৪টি কেন্দ্রই সিসি

কমান্ডার মেজর জাকি রকি, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর সুবেদার মোঃ জহির উদ্দিন, উজিরপুর মডেল থানার অফিসার ইনচার্জ মোঃ রকিবুল হাসান, উপজেলা ফায়ার সার্ভিস কর্মকর্তা আব্দুর রশীদ, উপজেলা স্বাস্থ্য পঃপঃ কর্মকর্তা মাইনুল ইসলাম,উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ আবুল কালাম আজাদ, উপজেলা প্রকৌশলী সুব্রত রায়, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোঃ মোশারফ হোসাইন, উপজেলা কৃষি কর্মকর্তা কপিল বিশ্বাস, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এ বি এম জাহিদ হোসেন, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ শহিদুল ইসলাম, উপজেলা প্রানীসম্পদ কর্মমকর্তা গোলাম মাওলা, উজিরপুর সরকারি ডব্লিউবি মডেল ইনস্টিটিউশনের প্রধান শিক্ষক মোঃ শাহ আলম, উপজেলা নির্বাচন অফিসার জাহিদুল ইসলাম রুমি, যুব উন্নয়ন কর্মকর্তা আসমা বেগম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কাজী ইশরাত জাহান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নাদিরা পারভীন, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা রহমতুল্লাহ বারি, উপজেলা সমবায় কর্মকর্তা রিয়াদ খান, উপজেলা বন কর্মকর্তা হুমায়ুন কবির,উপজেলা পরিসংখ্যান ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ নুর হোসেন, উজিরপুর প্রেসক্লাবের সভাপতি এমদাদুল কাসেম সেন্টু, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক সোহাগ হাওলাদার, সদস্য আহাদ সুমনসহ বিভিন্ন ব্যাংক কর্মকর্তা ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারী। এ সময় আইন শৃঙ্খলা সভার সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী রিটার্নিং অফিসার মোঃ আলী সুজা বলেন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠিত এবং জনগনকে ভয় ও শঙ্কা মুক্ত নির্বাচন উপহার দেয়ার লক্ষ্যে ৮৪টি ভোট কেন্দ্রেই সিসি ক্যামেরার আওতায় রাখা হবে। এছাড়া তিনি উপজেলা প্রশাসনের প্রতিটি দপ্তরের সার্বিক খোঁজ খবর নেন এবং বিভিন্ন দিক নির্দেশনা মূলক আলোচনা করেন তিনি। উজিরপুরে পুরুষ ভোটার সংখ্যা-১ লক্ষ ২০ হাজার ১৮৫ জন,মহিলা ভোটার সংখ্যা-১ লক্ষ ১৬ হাজার ২৯ জন, হিজড়া ভোটার সংখ্যা-১ জন, সর্বমোট ভোটার সংখ্যা-২ লক্ষ ৩৬ হাজার ২১৫ জন। মোট ভোট কেন্দ্র সংখ্যা-৮৪ টি।

মেহেন্দিগঞ্জে ডা. শফিকের আগমন

সমর্থীত মাওলানা আব্দুল জব্বার। এসময় তিনি বলেন আগামী নির্বাচন দেশ ও জাতির নতুন বন্দব্যবস্থার নির্বাচন। স্বাধীন সমৃদ্ধ কল্যাণরাষ্ট আর দূর্নীতিমুক্ত দেশ গড়ার এক ঐতিহাসিক সুযোগ। সবাইকে ন্যায়ের প্রতিক দাঁড়িপাল্লায় ভোট প্রার্থনা করে সবাইকে আগামী ৬ ফেব্রুয়ারীর সমাবেশের সহযোগিতা কামনা করেন। জোট নেতৃবৃন্দের উপস্থিততে তিনি আরো বলেন ঐতিহাসিক এ সমসবেশে আমিরে জামায়াত বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপট, উন্নয়ন পরিকল্পনা, জনগণের অধিকার, এবং আগামী দিনের কর্মপরিকল্পনা তুলে ধরবেন ইনশাআল্লাহ। তাই সাংবাদিক বন্ধুদের এই সংবাদ সম্মেলন ও নির্বাচনী সমাবেশে উপস্থিত থেকে তা গণমাধ্যমের মাধ্যমে জনগণের কাছে পৌঁছে দেওয়ার জন্য আন্তরিক অনুরোধ জানাচ্ছি।

কাঠালিয়ায় মৎস্যজীবীর

গৌতম মন্ডলসহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের কর্মকর্তা উপস্থিত ছিলেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মকবুল হোসেন বলেন, “মাছ ও শামুক সম্পদ সংরক্ষণের পাশাপাশি মৎস্যজীবীদের বিকল্প আয়ের সুযোগ সৃষ্টি করাই এ প্রকল্পের মূল লক্ষ্য। এর মাধ্যমে মৎস্যজীবীরা স্বাবলম্বী হবেন এবং তাদের জীবনমানের উন্নয়ন ঘটবে।” বকনা বাছুর পেয়ে উপকারভোগী মৎস্যজীবীরা সন্তোষ প্রকাশ করেন এবং এ ধরনের উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

পরিবর্তনের রাজনীতি প্রতিষ্ঠায়

ইউনিয়নের বাহেরচর, ইদেলকাঠি ও রাকুদিয়া নতুনহাট এলাকায় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জণসংযোগ ও পথসভায় তিনি এসব কথা বলেন। ব্যারিস্টার ফুয়াদ বলেন, দীর্ঘ ৫৫ বছর ধরে বরিশাল-৩ আসনটি অবহেলিত। সব সম্ভাবনা থাকা সত্ত্বেও সৎ ও যোগ্য নেতৃত্বের অভাবে বাবুগঞ্জ ও মুলাদী উপজেলার মানুষ বৈষম্যের শিকার হয়েছে। পুরনো ধারার রাজনীতি আর চলতে দেওয়া যায় না। ইনসাফভিত্তিক বাংলাদেশ গড়তে জামায়াতের নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের প্রার্থী ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ আগামী ১২ ফেব্রুয়ারির নির্বাচনে ঈগল মার্কায় ভোট দেওয়ার জন্য সর্বস্তরের জনগণের প্রতি আহবান করেন। জনসংযোগ ও পথসভায় বরিশাল জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি আজিজুর রহমান অলিদ, উপজেলা জামায়াতের আমির রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক আব্দুস সালাম মাঝি, রুহুল আমিন খায়ের, জেলা এবি পার্টির সদস্য সচিব জিএম রাব্বি, সাইফুল ইসলামসহ অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বরিশাল-২ আসনে বাড়ছে নির্বাচনী

প্রতীকের সংসদ সদস্য হ্যাভিওয়েট প্রার্থী এস সরফুদ্দিন আহমেদ সান্টু জনজরীপ, জনসমর্থন ও প্রচার-প্রচারণা এগিয়ে রয়েছেন। এছাড়া জামায়াতে ইসলামীর মনোনীত প্রার্থী আব্দুল মন্নান প্রচার প্রচারণা চালাচ্ছেন। বাকি জাতীয় পার্টি-জেপির প্রার্থী আঃ হক, জাতীয় পার্টির প্রার্থী এম.এ জলিল, ইসলামী আন্দোলন বাংলাদেশ এর প্রার্থী মোহাম্মদ নেছার উদ্দিন, বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল বাংলাদেশ জাসদ এর প্রার্থী মোঃ আবুল কালাম আজাদ, গণঅধিকার পরিষদের প্রার্থী রঞ্জিত কুমার বাড়ৈ, ন্যাশনাল পিপলস পার্টি এনপিপির প্রার্থী সাহেব আলী তাদেরকে মাঠ পর্যায়ে প্রচার প্রচারণায় তেমনটা দেখা যায়না। তাদের শুধু মাইকে প্রচার সীমাবদ্ধ। জনগনের কাছে আসনটির গুরুত্ব অনেক বেশী। নির্বাচনের তফসিল ঘোষণার আগে ও প্রতীক হাতে পেয়ে নির্বাচনী মাঠ চষে বেড়াচ্ছেন বিএনপির প্রার্থী ও জামায়াতে ইসলামীর প্রার্থী। জনগণের আস্থা বরিশাল-২ আসনের নির্বাচনী পরিবেশ ভালো থাকবে। জনমতে এ আসনে বিএনপির ধানের শীষ প্রতীকের সংসদ সদস্য প্রার্থী এস সরফুদ্দিন আহমেদ সান্টু বিপুল ভোটে বিজয়ী হবেন। উজিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী রিটার্নিং অফিসার মোঃ আলী সুজা জানান, শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে প্রয়োজনীয় সব ব্যবস্থা নেওয়া হয়েছে। নির্বাচনকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রশাসন তৎপর রয়েছে। এ আসনে এখন পর্যন্ত কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে উপজেলার বিভিন্ন এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে। সেনা বাহিনীসহ পর্যাপ্ত আইন-শৃঙ্খলা বাহিনী মোতায়ন করা হবে। এই উপজেলা সর্বমোট ৮৪ টি ভোট কেন্দ্র রয়েছে। প্রতিটি কেন্দ্রই সিসি ক্যামেরার আওতায় রাখা হবে। আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ,সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভাবে অনুষ্ঠিত হবে।

গাজার উদ্দেশে আবারও

হবে। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গ থেকে অনলাইন সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেওয়া হয়েছে। ফ্লোটিলার সক্রিয় সদস্য সুমেইরা আকদেনিজ ওর্ডু জানিয়েছেন, ঐতিহাসিক বার্সেলোনা থেকে যাত্রা শুরু হবে। এরপর তিউনিসিয়া, ইতালি এবং অন্যান্য ভূমধ্যসাগরীয় বন্দর থেকে অন্যান্যরা এ যাত্রায় যোগ দিবে। এবার আমরা হাজার হাজার অংশগ্রহণকারী নিয়ে যাচ্ছি যার মধ্যে এক হাজারেরও বেশি ডাক্তার, নার্স এবং স্বাস্থ্যকর্মী থাকবেন। এছাড়াও আমাদের সঙ্গে থাকবে ইকো-নির্মাণকর্মী এবং যুদ্ধাপরাধ তদন্তকারীরা যা আগের মিশনের থেকে এটি আলাদা করে। তিনি আরও বলেন, এটি ‘ট্রাম্প পরিকল্পনার বিকল্প’ কারণ এতে প্যালেস্টিনিয়ানরা নিজ দেশের পুনর্গঠন কীভাবে হবে তা নিজেই ঠিক করতে পারবে। অন্য একজন কর্মী জানিয়েছেন, সমুদ্র মিশনের পাশাপাশি নতুন বৃহৎ ল্যান্ড কনভয় গঠন করা হচ্ছে। তিনি ব্যাখ্যা করে বলেছেন, এই মানবিক কনভয়ে চিকিৎসা সহায়তা, খাদ্য ও অন্যান্য জরুরি সামগ্রী থাকবে। ডাক্তার, প্রকৌশলী ও অন্যান্য পেশাজীবীরা অংশ নেবেন। এই ল্যান্ড মিশন উত্তর আফ্রিকা থেকে শুরু হয়ে মিশের মধ্য দিয়ে রাফাহ সীমান্তে পৌঁছাবে। দ্বিতীয় ল্যান্ড কনভয় দক্ষিণ এশিয়া থেকে যাত্রা করবে, যার বিস্তারিত শিঘ্রই ঘোষণা করা হবে। আরেকজন কর্মী বলেন, ‘আমরা জানি তুর্কি জনগণ ফিলিস্তিন ও গাজাকে ভালোবাসে। আমরা তাদের কাছে বড় আশা রাখি এবং সবাইকে সক্রিয়ভাবে অংশগ্রহণের আহ্বান জানাই।’ এদিকে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম জানিয়েছিলেন, তার সরকার পরবর্তী সুমুদ মিশনে সরাসরি অংশ নেবে।

চার দিনে দেশে এলো

৮ কোটি ৪০ লাখ ডলার বা প্রায় এক হাজার ২৫ কোটি টাকা বেশি এসেছে। গত বছরের একই সময়ে এসেছিল ৪২ কোটি ২০ লাখ ডলার। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) বাংলাদেশ ব্যাংক সূত্রে এ তথ্য জানা গেছে। বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান বলেন, চলতি মাস ফেব্রুয়ারির চার দিনে ৫০৬ মিলিয়ন মার্কিন ডলারের রেমিট্যান্স এসেছে। গত বছরের একই সময়ে রেমিট্যান্স এসেছিল ৪২২ মিলিয়ন মার্কিন ডলার। সে হিসেবে চলতি বছরের ৪ ফেব্রুয়ারি পর্যন্ত মাসভিত্তিক প্রবৃদ্ধি ১৯.৮ শতাংশ। তাছাড়া ২০২৫ সালের জুলাই থেকে চলতি বছরের ৪ ফেব্রুয়ারি পর্যন্ত ১৯,৯৩৯ মিলিয়ন (১৯৯৩ কোটি ৯০ লাখ) মার্কিন ডলার এসেছে। এর আগে জুলাই ২০২৪ থেকে ৪ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত এসেছিল ১৬,৩৮৪ মিলিয়ন (১৬৩৮ কোটি ৪০ লাখ ডলার) মার্কিন ডলার। সে হিসেবে চলতি ২০২৫-২৬ অর্থবছরের ৪ ফেব্রুয়ারি পর্যন্ত প্রবৃদ্ধি ২১.৭ শতাংশ। সদ্য বিদায়ী জানুয়ারি মাসের পুরো সময়ে ৩.১৭ বিলিয়ন বা ৩১৭ কোটি ডলারের রেমিট্যান্স বা প্রবাসী আয় পাঠিয়েছেন বিভিন্ন দেশে বসবারত প্রবাসী বাংলাদেশিরা। দেশিয় মুদ্রায় (প্রতি ডলার ১২২ টাকা ধরে) এর পরিমাণ ৩৮ হাজার ৬৭৪ কোটি টাকা।

মেহেন্দিগঞ্জে ডিসিআরভুক্ত জমি দখলের অভিযোগ

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

মেহেন্দিগঞ্জ উপজেলার উলানিয়া বাজারে সরকারের দেওয়া ডিসিআরভুক্ত জমি জোরপূর্বক দখলের চেষ্টার গুরুতর অভিযোগ উঠেছে। এ ঘটনায় স্থানীয়দের মধ্যে উত্তেজনা বিরাজ করছে এবং ভুক্তভোগী প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন। জানা গেছে, উলানিয়া ইউনিয়নের সাবেক ইউপি সদস্য মনির মোক্তার নিয়ম অনুযায়ী সরকারের কাছ থেকে ১৫ তিল জমি ডিসিআরের মাধ্যমে গ্রহণ করেন। পরে তিনি ওই জমিতে একটি দোকানঘর নির্মাণ শুরু করেন। সবকিছু স্বাভাবিকভাবে চললেও হঠাৎ করেই স্থানীয় মাইনউদ্দীন ও সৈকত গংরা কোনো ধরনের পূর্ব ঘোষণা বা নোটিশ ছাড়াই ওই জমি দখলের চেষ্টা চালায় বলে অভিযোগ উঠেছে। স্থানীয় সূত্রে জানা যায়, অভিযুক্তরা জোরপূর্বক কাজ শুরু করলে বিষয়টি উপজেলা ভূমি অফিসের নজরে আসে। খবর পেয়ে মেহেন্দিগঞ্জ উপজেলা ভূমি কর্মকর্তা দ্রুত ঘটনাস্থলে গিয়ে নির্মাণকাজ বন্ধ করে দেন। তবে তিনি চলে যাওয়ার পর নিষেধাজ্ঞা অমান্য করে অভিযুক্তরা পুনরায় কাজ শুরু করলে ভূমি কর্মকর্তা আবারও গিয়ে কাজ বন্ধ করে দেন। ভুক্তভোগী মনির মোক্তার ক্ষোভ ও উদ্বেগ প্রকাশ করে বলেন, “এটি আমার বৈধ ডিসিআরভুক্ত জমি। তারপরও মাইনউদ্দীন ও সৈকতরা ক্ষমতার প্রভাব খাটিয়ে তা দখলের চেষ্টা করছে। আমি ন্যায়বিচারের জন্য প্রশাসনের কাছে আবেদন জানাচ্ছি।” এ ঘটনার পর এলাকায় আলোচনা-সমালোচনা শুরু হয়েছে। স্থানীয়রা মনে করছেন, সুষ্ঠু তদন্তের মাধ্যমে দোষীদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়া প্রয়োজন, যাতে এ ধরনের ঘটনা আর না ঘটে।

বাকেরগঞ্জ হবে দুর্নীতি-চাঁদাবাজমুক্ত মডেল উপজেলা: জামায়াত প্রার্থী

বাকেরগঞ্জ প্রতিনিধি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বরিশাল-৬ (বাকেরগঞ্জ) আসনে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী মাওলানা মাহমুদুন্নবী তালুকদার বলেছেন, জনগণের রায়ে নির্বাচিত হলে তিনি বাকেরগঞ্জকে দুর্নীতি ও চাঁদাবাজমুক্ত একটি আদর্শ মডেল উপজেলা হিসেবে গড়ে তুলবেন। পাশাপাশি এলাকার দীর্ঘদিনের বেকার সমস্যা সমাধানে কার্যকর ও সময়োপযোগী উদ্যোগ গ্রহণ করা হবে বলে জানান তিনি। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) বিকেল ৪টায় উপজেলার চরামদ্দি মিয়ারবাড়ি হাট, খান ফজলে রব সিনিয়র মাদ্রাসা মাঠ প্রাঙ্গনে এক নির্বাচনি জনসভা অনুষ্ঠিত হয়। ইউনিয়নে নির্বাচনী গণসংযোগ ও পথসভায় এসব কথা বলেন তিনি। গণসংযোগকালে দলীয় প্রতীক ‘দাঁড়িপাল্লা’য় ভোট প্রার্থনা করে সাধারণ ভোটার, ব্যবসায়ী ও পথচারীদের সঙ্গে কুশল বিনিময় করেন জামায়াত প্রার্থী। পথসভায় বক্তব্যকালে মাওলানা মাহমুদুন্নবী তালুকদার বলেন, “সমাজের প্রতিটি স্তরে দুর্নীতি ও চাঁদাবাজি সাধারণ মানুষের জীবনকে জিম্মি করে ফেলেছে। মহান আল্লাহ যদি বাংলাদেশ জামায়েত ইসলামকে বিজয় দান করেন, তবে সমাজ থেকে সকল প্রকার অনাচার, দুর্নীতি ও চাঁদাবাজি নির্মূলে আমি আপসহীন থাকবো।” বেকার যুবকদের প্রসঙ্গে তিনি বলেন, “যুবকরাই দেশের মূল শক্তি। আমাদের লক্ষ্য শুধু চাকরির পেছনে ছোটা নয়; বরং কারিগরি ও সময়োপযোগী প্রশিক্ষণের মাধ্যমে যুবসমাজকে দক্ষ মানবসম্পদে রূপান্তর করা এবং তাদের জন্য সম্মানজনক কর্মসংস্থানের ব্যবস্থা করা। গণসংযোগকালে প্রার্থীর সঙ্গে উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামীর স্থানীয় নেতা অধ্যাপক ফিরোজ আলম, উপজেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি অধ্যাপক মোস্তাকুর রহমানসহ দলের শীর্ষ নেতৃবৃন্দ এবং বিপুলসংখ্যক কর্মী-সমর্থক। এ সময় চরামদ্দী ইউনিয়নের অ্যাডভোকেট জাকির হোসেন, বক্তব্য রাখেন, বাংলাদেশ জামাত ইসলামী সিনিয়র যুগ্ম সম্পাদক বার কাউন্সিল বরিশাল, মিয়ার হাট মাদ্রাসা এলাকা স্লোগানে স্লোগানে মুখরিত হয়ে ওঠে। পথসভা ঘিরে সাধারণ মানুষের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যায়।

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
Office of the Executive Engineer, RHD
Road Division, Barishal.
Tel: 02-478831254
e-mail: barisalrd@gmail.com

Memo No. 35.01.0651.403.07.019.25-626 Dated:- 05.02.2026

Invitation for e-Tender (LTM)

e-Tender is invited in the National e-GP System Portal (http://www.eprocure.gov.bd) for the works mentioned in the table below:-

Invitation Reference No.	65/e-GP/PMP-Minor/BRD/LTM/2025-26
Tender ID	1224678
Name of Works	Repairing and painting of Bridge/Culvert Railing, Post, Footpath slab at Gariarpar-Banaripara-Sawrupkati-Kawkhali-Naikati Road (Z-8033) & Banaripara (Danduat)-Nazippur Road (Z-7710) Under Barishal Road Division During the year 2025-2026.
Qualification Criteria	As Stated in Tender Notice & Tender Data Sheet (TDS) of the Tender Document.
Tender Document Price	Tk. 1,000.00 (one thousand) only.
Tender security Amount	Tk. 50,000.00 (fifty thousand) only.
Tender Document last selling	Date: 18 February 2026, Time: 17:00
Last Date and Time for Tender Security Submission	Date: 19 February 2026, Time: 11:00
Tender Closing Date and Time	Date: 19 February 2026, Time: 12:00
Tender Opening Date and Time	Date: 19 February 2026, Time: 12:00

- This is an online tender, where only e-Tender will be accepted in the National e-GP Portal and no offline/hard copies will be accepted.
- To submit e-Tender, registration in the National e-GP System Portal (http://www.eprocure.gov.bd) is required.
- The fees for downloading the e-Tender Documents from the National e-GP System Portal have to be deposited online through any registered Bank branch.
- Further information and guidelines are available in the National e-GP System Portal and from e-GP help desk (helpdesk@eprocure.gov.bd).

05.02.26
(Md. Nazmul Islam)
ID No. 602232
Executive Engineer, RHD
Road Division, Barishal

ইসলামের এক বাক্স নীতি জামায়াতের

তৈরি করার জন্যে আমরা এককভাবে নেমে গেলাম। হাতপাখা প্রতীকে ইসলামী আন্দোলন নির্বাচনে বিজয়ী হলে শরিয়াকে প্রধান্য দিয়ে দেশ পরিচালনা করা হবে বলেও প্রতিশ্রুতি দেন মুফতি রেজাউল করিম।’ বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) বিকেলে ঝালকাঠি কেন্দ্রিয় ঈদগাহ ময়দানে হাতপাখার সমর্থনে ইসলামী আন্দোলন বাংলাদেশের নির্বাচনী জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন মুফতী সেয়দ রেজাউল করিম। বক্তব্য শেষে তিনি ঝালকাঠির দুটি আসনে হাতপাখা প্রতীকের প্রার্থিদের ভোট দিতে আসনটির জনগনের প্রতি আহ্বান জানান। বিকেল তিনটায় শুরু হওয়া ইসলামী আন্দোলন বাংলাদেশের জেলা শাখার সভাপতি হাফেজ মো: আলমগীর হোসেনের সভাপতিত্বে এ জনসভায় সহস্রাধিক নেতাকর্মীর সমাগম ঘটে। জনসভা শেষে হাতপাখার পক্ষে জেলা শহরে মিছিল বের হয়।

অন্তর্বর্তী সরকারের ১১৬

অর্ডিন্যান্স হয়েছে এবং এর সঙ্গে যেগুলো পলিসি হয়েছে বা অন্যান্য ইনস্ট্রুমেন্ট যেগুলো সাইন হয়েছে, সেটার একটা প্রেজেন্টেশন দেওয়া হয়। সেখানে আমরা দেখছি যে অধ্যাদেশ জারি হয়েছে ১১৬টি। এ সরকারের সময়ে ৬৮টি রেগুলার সাপ্তাহিক কেবিনেট বৈঠক হয়েছে। এই কেবিনেট বৈঠকগুলোতে ৫২৬টি সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ৫২৬টি সিদ্ধান্তের মধ্যে বাস্তবায়িত হয়েছে ৪৩৯টি। মানে এটার ইমপ্লিমেন্টেশনের হার ৮৩ শতাংশ। অধ্যাদেশ প্রক্রিয়াধীন আছে আরও ১৬টি এর মধ্যে নীতিগতভাবে আরও অধ্যাদেশ জারি হয়েছে মানে অনুমোদন হয়েছে তিনটি। আর নীতিমালা হয়েছে ১৪টি, দ্বিপাক্ষিক চুক্তি হয়েছে ১৪টি। আর উপদেষ্টা পরিষদের জন্য সারসংক্ষেপ উপস্থাপন করা হয়েছে মোট ৩৪৮টি।

একুশে পদক ঘোষণা, পাচ্ছেন ৯ ব্যক্তি ও এক প্রতিষ্ঠান

কীর্তনখোলা ডেস্ক

একুশে পদক ২০২৬ ঘোষণা করেছে সরকার। কিংবদন্তি গায়ক, গিটারিস্ট ও সংগীত পরিচালক আইয়ুব বাচ্চু এবং চলচ্চিত্র অভিনেত্রী ও প্রযোজক ববিতাসহ এ বছর দশজন পাচ্ছেন দেশের দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার একুশে পদক। পদকপ্রাপ্তরা হলেন- চলচ্চিত্রে ফরিদা আক্তার ববিতা, চারুকলায় ড. মোহাম্মদ আব্দুস সাত্তার, স্থাপত্যে মেরিনা তাবাশ্যুম, সংগীতে আইয়ুব বাচ্চু (মরণোত্তর), ব্যান্ড মিউজিকে ওয়ারফেজ, নাট্যকলায় পালাকার ইসলাম উদ্দিন, সাংবাদিকতায় শফিক রেহমান, শিক্ষায় অধ্যাপক মাহবুবুল আলম মজুমদার, ভাস্কর্যে তেজস হালদার ও নৃত্যকলায় অর্থী আহমেদ। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) রাজধানীর বেইলি রোডের ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে এসব তথ্য জানান প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম এর আগে গত বছরের জুলাইয়ের শেষ দিকে একুশে পদক ২০২৬-এর জন্য মনোনয়ন আহ্বান করে সরকার। একই বছরের ৩০ অক্টোবরের মধ্যে মনোনয়ন জমা দেওয়ার আহ্বান জানানো হয়।

নির্বাচন: এবার ৬৫৭ জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মনোনয়ন

কীর্তনখোলা ডেস্ক

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটের আগে, ভোটের দিন ও পরবর্তী সময়ে নির্বাচনি অপরাধ দ্রুত বিচার নিশ্চিত করতে ৬৫৭ জন বিচারককে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসেবে মনোনয়ন দিয়েছে সরকার। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) মনোনয়ন দিয়ে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটদের তালিকা নির্বাচন কমিশন সচিবের কাছে পাঠিয়েছে আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ। মনোনয়নের চিঠিতে বলা হয়, আগামী ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে জাতীয় সংসদের ৩০০টি নির্বাচনি এলাকায় ভোট গ্রহণের আগের দুই দিন, ভোটের দিন এবং ভোট গ্রহণের পরের দুদিন মিলিয়ে মোট পাঁচদিনের (১০ থেকে ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত) জন্য জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগের জন্য সুপ্রিম কোর্টের সঙ্গে পরামর্শ করে জুডিসিয়াল সার্ভিসের ৬৫৭ জন বিচারককে মনোনয়ন দিয়ে নির্বাচন কমিশন সচিবালয়ে ন্যস্ত করা হলো। তারা ১৯৭২ সালে গণপ্রতিনিধিত্ব আদেশ অনুযায়ী নির্বাচনি অপরাধ আমলে নেওয়া এবং সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্ন করবেন। প্রজ্ঞাপনে বলা হয়, মনোনীত ম্যাজিস্ট্রেটরা গণপ্রতিনিধিত্ব আদেশের আওতায় সংঘটিত নির্বাচনি অপরাধের বিষয়ে ‘দ্য কোড অব ক্রিমিন্যাল প্রসিডিউর, ১৮৯৮’ এর বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। এর আগে গত ৩ ফেব্রুয়ারি নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষায় সারাদেশে দায়িত্ব পালনের জন্য এক হাজার ৫১ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ করে জনপ্রশাসন মন্ত্রণালয়। নির্বাহী ম্যাজিস্ট্রেটরা আগামী ৮ থেকে ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত দায়িত্ব পাওয়া এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করবেন।

হারিয়েছে

এইচ.এস.সি পাশের মূল সনদপত্র, যার রোল নং-ক৪৬৮, নিবন্ধন নং-১২৯২১, শিক্ষাবর্ষ-১৯৮৮-১৯৮৯, পরীক্ষার বছর-১৯৯১, কেন্দ্র-বরিশাল, বোর্ড-যশোর হারিয়েছে। বরিশাল কোতয়ালী মডেল থানা ডায়েরী নং-৯০৮, তারিখ- ১৩/১২/২০২৫ ইং।

মোঃ আসাদ রহমান

এইচ.এস.সি পাশের মূল মার্কসীট, যার রোল নং-ক৪৬৮, নিবন্ধন নং-১২৯২১, শিক্ষাবর্ষ-১৯৮৮-১৯৮৯, পরীক্ষার বছর-১৯৯১, কেন্দ্র-বরিশাল, বোর্ড-যশোর হারিয়েছে। বরিশাল কোতয়ালী মডেল থানা ডায়েরী নং-৯০৬, তারিখ- ১৩/১২/২০২৫ ইং।

মোঃ আসাদ রহমান

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শুক্রবার ॥ ০৬ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ২৩ মাঘ ১৪৩২

চার দিনে দেশে এলো ৬১৭৩ কোটি টাকার প্রবাসী আয়

কীর্তনখোলা ডেস্ক

চলতি মাস ফেব্রুয়ারির প্রথম চার দিনে ৫০ কোটি ৬০ লাখ ডলারের রেমিট্যান্স বা প্রবাসী আয় এসেছে দেশে। দেশি মুদ্রায় (প্রতি ডলার ১২২ টাকা ধরে) এর পরিমাণ ৬ হাজার ১৭৩ কোটি ২০ লাখ টাকা। গত বছরের একই সময়ের চেয়ে ৩ এর পাতায় দেখুন

গাজার উদ্দেশে আবারও যাত্রা করবে 'গ্লোবাল সুমুদ' ফ্লোটিলা

কীর্তনখোলা ডেস্ক

দখলদার ইসরায়েলি হামলায় যুদ্ধবিধ্বস্ত গাজায় সাহায্য পৌঁছানোর জন্য 'গ্লোবাল সুমুদ' অ্যাড ফ্লোটিলা আবার যাত্রা শুরু করবে। আগামী ২৯ মার্চ বার্সেলোনা থেকে এ যাত্রা শুরু হবে। এবারের যাত্রায় আন্তর্জাতিক অংশগ্রহণ আরও বিস্তৃত ৩ এর পাতায় দেখুন



বরিশাল-২ আসনে বাড়ছে নির্বাচনী উত্তাপ, জনমতে এগিয়ে ধানের শীষ

বানারীপাড়া প্রতিনিধি

আগামী ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে বরিশাল-২ (উজিরপুর-বানারীপাড়া) আসনে রাজনীতির মাঠে বাড়ছে উত্তাপ। ভোটের মাঠে বিএনপি ও জামায়াত দুই প্রার্থীর প্রচার জমে উঠেছে। সন্ধ্যা নদীর তীরে ঘেষা উজিরপুর উপজেলায় ৯টি ইউনিয়ন ও একটি পৌরসভা রয়েছে। এই উপজেলায় ২ লক্ষ ৩৬ হাজার ২১৫ জন নারী-পুরুষ ভোটার রয়েছে। এর মধ্যে পুরুষ ভোটার সংখ্যা ১ লক্ষ ২০ হাজার ১৮৫ জন, মহিলা ভোটার সংখ্যা ১ লক্ষ ১৬ হাজার ২৯ জন ও হিজড়া ভোটার ১ জন। মোট ভোট কেন্দ্র রয়েছে ৮৪টি। বরিশাল-২ আসনে প্রার্থীরা প্রচার-প্রচারণা,গনসংযোগ, পথসভা ও উঠান বৈঠক চালিয়ে যাচ্ছেন। তবে ভোটযুদ্ধে প্রভাবশালী বিএনপির ধানের শীষ ৩ এর পাতায় দেখুন

পরিবর্তনের রাজনীতি প্রতিষ্ঠায় 'হ্যাঁ' ভোট জরুরি: ফুয়াদ

বাবুগঞ্জ প্রতিনিধি

বরিশাল-৩ (বাবুগঞ্জ-মুলাদী) আসনে জামায়াতের নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের প্রার্থী ও আমার বাংলাদেশ পার্টির (এবি পার্টি) সাধারণ সম্পাদক ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ বলেছেন, পরিবর্তনের রাজনীতি প্রতিষ্ঠার জন্য 'হ্যাঁ' ভোট দেওয়া অত্যন্ত জরুরি। এতে জনগণের সরকার গঠিত হবে এবং উন্নয়নের ধারাবাহিকতা বজায় থাকবে। অন্যথায় দেশে আবারও ফ্যাসিস্ট সরকারের উত্থান ঘটবে। বরিশালের বাবুগঞ্জ উপজেলার দেহেরগতি ৩ এর পাতায় দেখুন

বাংলাদেশি শিল্প-সংস্কৃতি রক্ষায় ধানের শীষে ভোটের দিন: রহমাতুল্লাহ

কীর্তনখোলা রিপোর্ট

দেশীয় শিল্প-সংস্কৃতিকে ধ্বংসের হাত থেকে রক্ষায় ঐক্যবদ্ধ হয়ে ধানের শীষের পক্ষে ভোট দেওয়ার আহ্বান জানিয়েছেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) বরিশাল নগরীর নাজিরা পুল এলাকায় সদর-৫ আসনের ধানের শীষ প্রতীকের প্রার্থী অ্যাডভোকেট মজিবর রহমান সরোয়ারের পক্ষে বরিশাল বিভাগীয় দক্ষিণাঞ্চল শিল্পী পরিষদের উদ্যোগে ৩ এর পাতায় দেখুন

কাঠালিয়ায় মৎস্যজীবীর মাঝে বকনা বাছুর বিতরণ

কাঠালিয়া প্রতিনিধি

ঝালকাঠির কাঁঠালিয়ায় ২০২৫২৬ অর্থবছরের দেশীয় প্রজাতির মাছ ও শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)-এর আওতায় বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ৬০ জন মৎস্যজীবীর মাঝে বকনা বাছুর বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) সকাল ১১টায় উপজেলা প্রশাসনের উদ্যোগে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বকনা বাছুর বিতরণ করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মকবুল হোসেন। অনুষ্ঠানে জেলা মৎস্য কর্মকর্তা মো. এনামুল হক, রাজাপুর উপজেলা মৎস্য কর্মকর্তা এবং কাঁঠালিয়া উপজেলার অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ৩ এর পাতায় দেখুন

ইয়াবা-গাঁজা-অস্ত্রসহ স্বেচ্ছাসেবক দলের দুই নেতা আটক

নলছিটি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটিতে যৌথ বাহিনীর অভিযানে ইয়াবা ট্যাবলেট, গাঁজা ও দেশীয় অস্ত্রসহ স্বেচ্ছাসেবক দলের দুই নেতাকে আটক করা হয়েছে। আটককৃতরা হলেন, উপজেলার পৌর এলাকার গৌরিপাশা গ্রামের আনসার মল্লিকের ছেলে গিয়াস মল্লিক(৩৫),একই এলাকার সোবহান আকনের ছেলে সোহরাব আকন(৩৫)। গিয়াস মল্লিক পৌরসভার ৮ নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব এবং সোহরাব আকন ৭ নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক ৩ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে ডা. শফিকের আগমন উপলক্ষ্যে সংবাদ সম্মেলন

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

আসন্ন ত্রোয়দশ জাতীয় সংসদের নির্বাচনী জনসভায় বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা.শফিকুর বরিশল -৪ (হিজলা-মেহেন্দিগঞ্জ) আগমন উপলক্ষে স্থানীয় জামায়াত ও ১১ দলীয় জোটের উদ্যোগে সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়েছে। এসময় উপস্থিত ছিলেন বরিশাল -৪ আসনের জোট ৩ এর পাতায় দেখুন

এই মুহূর্তে তারেক রহমানের চেয়ে নির্ভরযোগ্য কেউ নেই: স্বপন

আশরাফুল ইসলাম আমিন, গৌরনদী

বরিশাল-১ আসনের বিএনপি মনোনীত ধানের শীষ মার্কার প্রার্থী ও সাবেক সংসদ সদস্য এম জহির উদ্দিন স্বপন বলেছেন, ধানের শীষে ভোট দিলে তারেক রহমান প্রধানমন্ত্রী হবেন। তিনি বলেন, এই মুহূর্তে বাংলাদেশে তারেক রহমান ছাড়া আমাদের আর কোন নির্ভরযোগ্য অভিভাবক নেই। তারেক রহমানই দেশের মানুষের একমাত্র ভরসার স্থল। বৃহস্পতিবার বেলা ১২টায় গৌরনদী পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের গেরাকুল গ্রামে ৩ এর পাতায় দেখুন

মসজিদে 'ইমাম' পরিচয়ে খ্রিস্টান প্রচারণা, আটক ২

কীর্তনখোলা ডেস্ক

ফরিদপুরের ভাঙ্গা উপজেলার একটি মসজিদে 'ইমাম' পরিচয়ে খ্রিস্টান ধর্মের প্রচারণা চালানোর অভিযোগে দুজনকে আটক করেছে পুলিশ। প্রায় আট মাস ধরে মসজিদে ইমাম হিসেবে দায়িত্ব পালন করা ওই দুজনের নামে গোপনে ধর্মীয় প্রচারণার অভিযোগ ওঠে। এ ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়লে বুধবার (৪ ফেব্রুয়ারি) দুপুরে তাদের আটক করা হয়। পুলিশ জানায়, বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) আটক দুজনের নামে থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। ঘটনাটি ঘটে ভাঙ্গা উপজেলার কাউলিবেড়া ইউনিয়নের ৩ এর পাতায় দেখুন

পাথরঘাটায় মেয়েকে ধর্ষণের মামলায় বাবা গ্রেফতার

বরগুনা প্রতিনিধি

বরগুনার পাথরঘাটা উপজেলায় মেয়েকে (১৫) ধর্ষণের অভিযোগের মামলায় বাবাকে গ্রেপ্তার করেছে পুলিশ। গত বুধবার (৪ ফেব্রুয়ারি) রাতে তাকে গ্রেপ্তার করা হয়। এর আগে বুধবার সন্ধ্যায় ওই মেয়ের মা পাথরঘাটা থানায় মামলা করেন। পরে মেয়েও থানায় গিয়ে তার বাবার বিরুদ্ধে লিখিত অভিযোগ দেয়। পাথরঘাটা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মং চেনলা বলেন, "প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পেয়ে আর দেরি করা হয়নি, দ্রুত মামলা নেওয়া হয়েছে। বিষয়টি স্পর্শকাতর হওয়ায় সেভাবেই তদন্ত করা হচ্ছে। পুলিশ ও মামলার এজাহার সূত্রে জানা গেছে, ভুক্তভোগী মেয়ে (১৫) স্থানীয় ৩ এর পাতায় দেখুন

উজিরপুরের ৮৪টি কেন্দ্রই সিসি ক্যামেরার আওতায় থাকবে

উজিরপুর প্রতিনিধি

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে কোন অনিয়ম ও কারচুপির সুযোগ নেই। ৮৪টি কেন্দ্রই সিসি ক্যামেরার আওতায় থাকবে এবং সেনা বাহিনীসহ পর্যাপ্ত আইন-শৃঙ্খলা বাহিনী থাকবে, এরপরেও ভোট কেন্দ্রে দায়িত্বরত পুলিং এজেন্ট ও প্রিজাইডিংসহ সংশ্লিষ্টরা ভোট গ্রহনে কোন ধরনের অনিয়মের সাথে জড়িয়ে পড়লে তাদের কাউকে ছাড় দেয়া হবেনা। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) বেলা ১১ টায় বরিশাল জেলার উজিরপুর উপজেলায় আইন শৃঙ্খলা ও মাসিক সমন্বয় সভায় এ হুশিয়ারি বার্তা দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী রিটার্নিং অফিসার মোঃ আলী সুজা। উজিরপুর উপজেলা পরিষদের সভাকক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী রিটার্নিং অফিসার মোঃ আলী সুজার সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি মহেশ্বর মন্ডল, উজিরপুর সেনা ক্যাম্প ৩ এর পাতায় দেখুন



প্রধান সম্পাদক: মোঃ ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com